



লিরিঙ্গ সংকলন

সেরা ১০০ বাংলা ইসলামী সংগীত



সাংস্কৃতিক সংসদ
ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা

সূচীপত্র

সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও	6
সত্যের সংগ্রামে ফোটা ফুল	7
জেলে ভরে জুলুম করে, এ মন ভাঙ্গা যাবে না	8
বেরিয়েছে যে কাফেলা	9
শত শত মালেক ঐ আসছে	10
মালেক ভাইয়ের মা, কাশেম ভাইয়ের	11
সোনার পাখিরা একে একে উড়ে যায়	12
সুনাত নয় শুধু দাওয়াতের মেহমান	13
আল্লাহ্ আল্লাহ্ কি যে মধুর নাম	15
কোটি জনতার কোটি কোটি হাত তোমার	16
পদ্মা মেঘনা যমুনার তীরে	17
নহে সমাপ্ত কর্ম মোদের	19
আমার ভাইয়ের শাহাদাতে	20
শিবির আমার প্রাণ খোদার সেরা দান	21
আমার প্রিয় মাসুদ ভাই	22
আর কত রক্ত চাও পরোয়ার	23
সে কোন বন্ধু বল বেশী বিশ্বস্ত	24
শাহ জালালের বাংলাদেশে জানাই আমন্ত্রণ	25
যাদের হৃদয়ে আছে আল্লাহর ভয়	26
জালিমের বন্দি শালায়	28
আমাদের সংগ্রাম চলবেই	29
আমাদের কাফেলা সম্মুখে ছুটে চলে দূর্বীর	30

মন থেকে অগোচরে যা কিছু মুছে যায়	31
যারা আল্লাহর পথে চলে, আল্লাহর কথা বলে	32
প্রভু তুমি বলেছো রাসুল দেবে না	33
আমি কোরআনের কর্মী	34
যদি আমার গান শুনতে মন চায়	36
যে ইমান প্রয়োজনে জ্বলে উঠে না	37
একজন মুজাহিদ কখনো	39
সেই সংগ্রামী মানুষের সারিতে	40
একদিন চলে যাবো পৃথিবী ছেড়ে	41
যে ফুল যুগ যুগান্তরে খুশবু ছড়ায়	42
দেশ বাঁচাতে জাগো	43
প্রশংসা সবই কেবল তোমারি	44
যদি আগামীর দিনটাকে	45
আল্লাহর পথে যারা দিয়েছে জীবন	46
আমাকে যখন কেউ প্রশ্ন করে	47
আমি যদি কোনোদিন পথ ভুলে যাই	48
যে জীবন শাহাদাতে উদ্দীপ্ত	49
এইতো মরণ বুঝি এলো	50
ঈমানের পথে অবিচল থেকে	51
কোন একদিন এদেশের আকাশে	52
আমাকে শহীদ করে সেই মিছিলে	54
টিক টিক টিক টিক	55
কুরবানী দাও ওহে মুসলিম	56

রক্তে রঞ্জিত ক্ষত-বিক্ষত	57
অবুঝ মন নিয়ে একটি সবুজ ছেলে	58
গানেরই সুরে সুরে সবুজের মতিহারে	59
দাও খোদা দাও আমায় আবার	60
নেই দাওয়াতে মিল	61
মিছিলে এক হয়েছি হাজার সাথী বন্ধু রাহাতের	63
শাহাদাত ঈমানের পরম পাওয়া	64
মাগো তুমি কাঁদছো কেন একলা বাড়িতে-২	65
ভিতর আর বাহিরে এক হও মন	66
পালারে পালা জলদি পালা	67
মাগো আমায় দাও পরিয়ে যুদ্ধে যাবার সাজ	68
আমাদের প্রভু এক, এক নবীর উম্মত।	69
মুসলিম আমি সংগ্রামী আমি	70
আগের মত শান্তি তো আর	72
বিপ্লব মানে জীবন দেয়া বসে থাকা নয়	75
স্বাধীনতা চাইনি আমি এই স্বাধীনতা	76
হাজারও ব্যাথা বেদনার পরে	78
সমাধান চাও যদি জীবনে মরণে	80
আসবেই মহাকাল, রুখতে হবে দাজ্জাল	81
সত্যের পক্ষে গান গাই বলে আমি বিদ্রোহী	83
ইঞ্চি ইঞ্চি মাটি সোনার চাইতে খাটি	85
আবার যুদ্ধ হবে, আবার যুদ্ধ হবে	87
পশ্চিমাদের চোখ পড়েছে	89

কি হবে বেচে থেকে	90
রাসুল এসেছে রাসুল এসেছে	92
নামাজকে বলো না কাজ আছে	94
ভবের এই রঙ্গ খেলা সাজ যেদিন হবে ভাই	95
এই সেই ঘর এই সেই খাট	96
রোজ বিহানে একটা পাখি	97
তোমার সৃষ্টি যদি হয় এত সুন্দর	98
তোমার নামে মধুর গানে	100
তুমি আসমানে থাক প্রভু আমি জমিনে	101
পৃথিবী আমার আসল ঠিকানা নয়	102
ও মন রমজানের ঐ রোজার শেষে	103
রাসুল আমার ভালবাসা	105
আল্লাহ আমার রব এই রবই আমার সব	106
কার লাগিয়া এতো মায়া	107
আমি দেখিনি তোমায়	108
শহীদে শহীদে জনপদ শেষ	109
পৃথিবী না জানুক আমি তো জানি	111
কবরের আজাব যে এত কঠিন	112
মালিক, একটি ঘর বানিয়ে দিও	113
আমি কোরানের সুর মাঝে শুনেছি যে নাম	115
পদ্মা মেঘনা যমুনার তীরে	117
মুক্তির সূর্যটা আনবোই	119
আমরা সবাই বাঙালী	120

আমার এ দেশ সব মানুষের	121
প্রতিদিন তোমায় দেখে সূর্য রাগে	122
যে মাটির বুকে ঘুমিয়ে আছে.	123
তীরহারা এই ঢেউয়ের সাগর	124
একদিন মাটির ভিতরে	126
পরের জায়গা পরের জমিন	128

সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও

কথা ও সুর - মতিউর রহমান মল্লিক
শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও
তারপর পথ চল নির্ভয়
আঁধারের ভাঁজ কেটে আসবে বিজয়
সূর্যের লগ্ন সে নিশ্চয় ॥

তোমার পায়ের ছাপ পষ্ট কর
ক্লান্ত রুগ্ন ভাব নষ্ট কর
তবেই সাথীরা আরো এগিয়ে যাবে
প্রলয় সে হোক যত নির্দয় ॥

পাহাড়ের মত ঠেকে ধৈর্য ধর
দুঃখ যদি হয় অতিরিক্ত
জীবনের সাথে দৃঢ় লক্ষ্য তোমার
আরো কর দৃঢ় সম্পৃক্ত।

তোমার মনের চোখ তীক্ষ্ণ কর
ক্লান্ত কর্ণ উৎকর্ণ কর
নিজেই নিজের দিকে তাকিয়ে দেখে
আবেগের পথ কর নির্ণয় ॥

সত্যের সংগ্রামে ফোটা ফুল

কথা ও সুর - মোহাম্মাদ মুহিবুল্লাহ

শিল্পী - মশিউর রহমান

সত্যের সংগ্রামে ফোটা ফুল
ভেঙ্গে দিলো জীবনের শত ভুল
সুগন্ধ ছড়িয়ে হৃদয়ও ভরিয়ে
আমাদের কেন যেন ডেকে যায় ॥

সেই ডাক ভেসে ছিলো বাতাসে
সাড়া দিলো শত তারা আকাশে
নদীরও কলতানে হৃদয়ও মধুবনে
সেই ডাক নাড়া দেয় চেতনায়।

সেই ডাক বিপ্লবী কোরানের
মৃত্যুর ঘন্টা যে জালিমের
দুটি চোখে নেই ঘুম কেঁদে ফেরে মজলুম
মুক্তির দিশা তারা পেতে চায়।

সেই ডাক সুমহান আল্লাহর
তার পথে ডাকে শুধু বার বার
হতে হবে নির্ভিক সত্যেরও সৈনিক
ইসলামী বিপ্লব ডাকে আয়।

জেলে ভরে জুলুম করে, এ মন ভাঙ্গা যাবে না

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

জেলে ভরে জুলুম করে, এ মন ভাঙ্গা যাবে না ।
অত্যাচারীর শিকল দিয়ে, এ মন বাধা যাবে না ।
মোরা শক্ত হবো সীসার মতো,
আসবে বিপদ বাধা যতো ।
লক্ষ প্রানের খুন ঝরাবো,
ধিক পরাজয় মানবো না ।
ধিক পরাজয় মানবো না ।

হতাশ কেন বন্ধু তুমি ? বরং শপথ নাও ।
আনতে সুদিন কন্ঠে তোমার বিপ্লবী গান গাও ।
শহীদরা আজ তাকিয়ে আছে,
পিছপা হওয়া যাবে না ।

শহীদানের এই কাফেলা, চলবে অবিরাম
আসুক যতো বিপদ বাধা, হোক যতো বদনাম ।
শহীদেৱা আজ তাকিয়ে আছে,
ভেঙ্গে পড়া যাবে না ।

বেরিয়েছে যে কাফেলা

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

বেরিয়েছে যে কাফেলা
ফিরবেনা সে কোন দিন,
হয় তো বিজয় হবে
নয়তো তার ফিরবে কফিন।

রাতের ঐ নিরবতা ভেঙ্গে
নিয়ে শাহাদাতের তামান্না,
কন্টকময় পথ পাড়ি দেবে
ঝরাবে না হৃদয়ের কান্না।।
শত বাধা ভয় মাড়িয়ে দিয়ে
বিজয়ের আনবে সুদিন। ঐ

দুর্গম গিরি পথ পেরিয়ে যাবে
জ্বালিয়ে দিয়ে ঈমানের নূর,
কন্ঠে তার ঝরবে দিবা নিশি
সুমধুর আল কোরানের সুর।।
ব্যস্ত সে থাকবে সারাটি ক্ষন
বিজয়ী করতে মিশন। ঐ

শত শত মালেক ঐ আসছে

কথা ও সুর- মতিউর রহমান মল্লিক

শত শত মালেক ঐ আসছে
শত শত সাক্ষির হাসছে
শত শত শহীদের বিপ্লবী সাথীরা
নতুন এক স্বপ্নে ভাসছে
দৃষ্ট পদভারে হাঁটছে।

চোখে-মুখে জিহাদের উল্লাস
বুকে বুকে শপথের উচ্ছাস
বাজী রেখে জীবনের মূল্য
হাতে হাত কাঁধে কাঁধ রাখছে
শত শত শহীদের বিপ্লবী সাথীরা
নতুন এক স্বপ্নে ভাসছে
দৃষ্ট পদভারে হাঁটছে।

যারা শুধু ভালবাসে
কোরানের বিপ্লবী কাজকে
তারা দেখে ধীরে ধীরে
মিলনের মোহনায় আজকে
প্রাণে প্রাণে সাহসের সম্ভার
পিষে চলে বাঁধা, ভয়, ঝগড়া
আলোকিত পৃথিবীর জন্য
আঁধারের বুনিয়াদ ভাঙছে। ঐ

মালেক ভাইয়ের মা, কাশেম ভাইয়ের

কথা - আব্দুস সালাম
সুর - শালিন আহমদ

মাগো ও----ও মা

মালেক ভাইয়ের মা, কাশেম ভাইয়ের
মা, সাক্বীর ভাইয়ের মা, বেলাল ভাইয়ের মা
মাসুম ভাইয়ের মা, ও শিপন ভাইয়ের মা,
জসিম ভাইয়ের মা, মুজাহিদ ভাইয়ের মা,
তোমরা বড়ই ভাগ্যবতি, আনলে ধরায় দ্বীনের জ্যোতি-
সালাম জানাই তোমায় ফেরেশতা-মা (ঐ)

কেউ হারিয়ে ছেলে, আর কেউ হারিয়ে ভাই,
কেউ হারিয়ে দ্বীনের সাথী নিঃশ্ব এ ধরায়,
তাদের স্মৃতি এই অন্তরে, কেঁদে কেঁদে গুমরে মরে
দিন চলে যায় কাল্মা ফুরায়না মা।

আন্দোলনের ডাকে যারা জাগ্রত সব প্রাণ,
জীবন দিয়ে রেখেছিল আল কুরআনের মান,
দ্বীনের বিজয় আনতে যারা, সদায় ছিল পাগলপাড়া
আরশছায়ায় তাঁদের ঠিকানা, মা। (ঐ)

সোনার পাখিরা একে একে উড়ে যায়

কথা - গোলাম মোহাম্মাদ

শিল্পী - মশিউর রহমান

সোনার পাখিরা একে একে উড়ে যায়,
ভেঙে ভেঙে হৃদয়ের সকল বাধন।
নেকড়ের উল্লাসে কাপে জনপদ,
বঞ্চিত জনতার হৃদয়ে কাদন আহা (২),

পাখিরা ফুলের মত মোহন পালক,
নির্মল জোসনার মিষ্টি আলো (২),
হৃদয় নিলয়ওরা পন্যের ধন আহা (ঐ)

পাখিরা উড়ে যায় সুবাসিত জোসনার দেশে,
পাখাগুলো জরিদান আলোময় চলে ওরা ভেসে।
ওদের প্রানের গুর হৃদয়ে বাজে,
কি সুবাস মধুময় সকল কাজে (২),
শাহাদাত বেছে নেয় সাহসি যেজন আহা (ঐ)।

সুন্নাত নয় শুধু দাওয়াতের মেহমান

কথা ও সুর- মাহফুজ বিল্লাহ শাহী

শিল্পী - মশিউর রাহমান

সুন্নাত নয় শুধু দাওয়াতের মেহমান
সুন্নাত নয় শুধু খাওয়া শেষে মধুপান,
আরও কিছু সুন্নাত আছে তুমি জান কি?
জানলেও জীবনে কখনো তা মান কি?

সুন্নাত শুধু নয় মজলুমের সহায়ক
সুন্নাত ওল্লে জালিমের প্রতিরোধ।
সুন্নাত শুধু নয় নির্জন ধ্যানে যাওয়া
আরও সুন্নাত হল পাথরের আঘাত খাওয়া।
মুহাব্বতে তার সুদিনের সাথী তুমি,
দুর্দিনেও তার পাশে থাক কি?

সুন্নাত কোরআনের সমাজ বিনির্মাণে
বৈরী সকল পথ মাড়িয়ে চলা,
সুন্নাত দাওয়াতে দীনের পাশাপাশি
ইসলাম রক্ষায় হাতে তলোয়ার তোলা।
সুন্নাত শুধু নয় নমনীয় আলাপন
সুন্নাত প্রয়োজনে হুক্মার গর্জন,

সুন্নাত শুধু নয় মেঘ চরাতে যাওয়া
আরও সুন্নাত হল রাষ্ট্রনায়ক হওয়া।
মুহাব্বতে তার খালিদ-ওমর-আলী
আবুবকরের মত পাশে থাক কি???
আরও কিছু সুন্নাত আছে তুমি জান কি?
জানলেও জীবনে কখনো তা মান কি?

সুন্নাত নয় শুধু দাওয়াতের মেহমান
সুন্নাত নয় শুধু খাওয়া শেষে মধুপান,
আরও কিছু সুন্নাত আছে তুমি জান কি?
জানলেও জীবনে কখনো তা মান কি?

আল্লাহ্ আল্লাহ্ কি যে মধুর নাম

শিল্পী - মশিউর রাহমান

আল্লাহ্ আল্লাহ্ কি যে মধুর নাম
ধরার তামাম মনি মুক্তা
পান্না হীরা সোনাদানা
হয় না তাহার দাম।।
আল্লাহ্ আল্লাহ্ কি যে মধুর নাম।।

আকাশ বাতাস সাগর নদী
গাইছে ও নাম নিরবধি
পাখ-পাখালির কণ্ঠে শুনি
নিত্য অবিরাম।।

ডাকলে ও নাম সোহাগ ভরে
নিত্য জোয়ার প্রেম সাগরে
রাখলে ও নাম মনের কাবায়
নাচে রক্ত ঘাম।।

কোটি জনতার কোটি কোটি হাত তোমার

শিল্পী - নওশাদ মাহফুজ

কোটি জনতার কোটি কোটি হাত
তোমার কাছে তুলে করে মোনাজাত
যা কিছু চাওয়ার তা দাও বা না দাও,
একটি চাওয়া শুধু দাও তুমি দাও।
হে আমার রব, হে আমার রব, হে আমার রব ।
আল্লামা সাইদীকে ফিরিয়ে দাও,
মাওলানা নিজামীকে ফিরিয়ে দাও ।।

যারা শুধু কুরআনের কথা গুলো বলতো
নবীর দেখানো পথে চলতো
সে পথে চলার তরে, সে কথা বলার তরে
হিংসার অনল জ্বলে বাতিলের বুকে ধাউ ধাউ।
হে আমার রব, হে আমার রব, হে আমার রব । ঐ

ঈমানের পথে যারা মানুষেরে ডাকতো,
এ পথে শহীদ জেনেও দৃঢ় মনে থাকতো
কুরআনের সুরে সুরে জাগাতো মানুষেরে।
আমাদের মাঝে প্রভু তাদেরকে ফিরিয়ে দাও।
হে আমার রব, হে আমার রব, হে আমার রব । ঐ

পদ্মা মেঘনা যমুনার তীরে

কথা - ডাঃ মোরশেদ আলী

সুর - ইকবাল হাফিজ

পদ্মা মেঘনা যমুনার তীরে
আমরা শিবির গড়েছি
শপথের সঙ্গিন হাতে নিয়ে সকলে
নবীজির রাস্তা ধরেছি
আমরা শিবির গড়েছি।

এই শিবিরের শান্তিছায়ায়
মজলুম মানবতা নেবে যে গো ঠাঁই
মানুষ গড়ার এই আগ্নিনায়
আল কোরানের বাণী পড়েছি
আমরা শিবির গড়েছি।।

আমাদের কেহ তিতুমীর হয়ে
জালিমের কন্ঠ রুখবে
শরীয়তুল্লাহর ইসলামী বিপ্লব
ছাত্র জনতা গড়বে।
এই জিহাদের দীপ্ত শপথে
পথচলা শুরু হোক তবে আজি হতে
শান্তি আনবো বিশ্ব জগতে
সত্য শপথ করেছি
আমরা শিবির গড়েছি।।

শাহজালালের পুণ্য জিহাদে
একদিন জনগণ জাগবে
শাহ মাখদুমের সংগ্রামী ছোঁয়া
প্রানে প্রানে সকলের লাগবে।

হে মহাদিশারী আলোর কাফেলা
জেগে ওঠো জেগে ওঠো তবে এই বেলা
মুক্তির সূর্য উদয়ের লগ্নে
তারি আয়োজন আজ করেছি।
আমরা শিবির গড়েছি।।

নহে সমাপ্ত কর্ম মোদের

শিল্পী - আমিরুল মোমিনি মানিক

নহে সমাপ্ত কর্ম মোদের,
অবসর কোথা বিশ্রামের,
উজ্জল হয়ে ফোটেনি আজো,
সুবিমল জ্যোতি তাওহীদের।

এখনো অগণিত জনতা,
কোরআনের পায়নিকো বারতা,
এখনো নিরন্ন মানুষের হাহাকার,
এখনো শোষিতের সুতীত্র চিৎকার।
তাই ভাংতে হবে, ভাংতে হবে,
মিথ্যার ভিত এই সমাজের।

এখনো অসংখ্য হায়েনা,
রেখে যায় ধ্বংসের নমুনা,
এখনো সমতা আসেনি সমাজে,
এখনো দুঃখের বীণ ঘরে ঘরে বাজে।
তাই জাগতে হবে, জাগতে হবে,
আনতে সমাজ এক আলোকে।।

আমার ভাইয়ের শাহাদাতে

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

আমার ভাইয়ের শাহাদাতে
চোখের পানি কেউ ফেলোনা
ওরা আমাদের গর্বের ধন,
ওরা মাবুদের প্রিয়জন।।।

খুনে রাঙা সেই পথ ধরে
এগিয়ে যাবো মোরা সাহস ভরে,
শহিদে মিছিলে মোরা রব আমরণ।।।

শহিদেরা মরে নাকো বাঁচে চিরদিন
শোধ করা যাবে নাকো তাহাদের ঋণ।
আমাদের চাওয়া পাওয়া নেই কিছু আর
আল্লাহর রাজ চাই আসুক আবার,
ফুলে ফুলে সুশোভিত নতুন জীবন।

শিবির আমার প্রাণ খোদার সেরা দান

কথা -আল্লামা দেলাওয়ার হোসাইন সাইদী
সুর – বিপ্লব আনোয়ার

শিবির আমার প্রাণ খোদার সেরা দান
আল্লাহ মেহেরবান আল্লাহ মেহেরবান

নবীজির রক্ত ঝরা সেই পথ ধরে
লক্ষ্য শিবির দিনের পথে শপথ করে।
কতো শিবির রক্ত দিলো জীবন বাজি রেখে
কত শিবির শহীদ হল কুরআন ভালবেসে।
বাকী যারা রইল বেচে ছাড়ল না আল কুরআন। (ঐ)

কত শিবির জেলখানাতে কষ্টে দিবা রাত কাটায়
বাবা মায়ে বাড়ি বসে অশ্রু জ্বলে বুক ভাসায়।
আমি বলি যাও বাবারা, যাও এগিয়ে।
ভয় পেয়ো না আল্লাহ আছেন হাত বাড়িয়ে।
অবশেষে বাংলাদেশে কায়েম হবে আল কুরআন।
আল্লাহ মেহেরবান আল্লাহ মেহেরবান। (ঐ)

আমার প্রিয় মাসুদ ভাই

কথা - মাহাদি হাসান সানি

সুর - এম আই মনির

জনতার মিছিলে মিছিলে যে ভাই
সেই নাম জপে যায় হাজারও হৃদয়
রাজপথ ছাড়িনি ছাড়িনি ও ভাই
আমার প্রিয় মাসুদ ভাই, সবার মাসুদ ভাই।

কারার শিকলে তোমায় বেঁধেছে
জুলুম নিপীড়নে ওরাই মেতেছে
মুখখানি ভাসে আজ স্লোগানে ভাষণে
কালেমার পতাকা নিয়েছি মিশনে
তোমারি কণ্ঠে সেই প্রেরনা যে পাই।
আমার প্রিয় মাসুদ ভাই, সবার মাসুদ ভাই। (ঐ)

তুমি কুরআনের বাণীকে করেছ আপন
জনতা মিছিলে জেগেছে স্বপন।
রাজ পথ জুড়ে আজ শত মুজাহিদ
দিকে দিকে প্রস্তুত হয়ে নির্ভীক
তোমারি কণ্ঠে সেই প্রেরনা যে পাই। (ঐ)

আর কত রক্ত চাও পরোয়ার

শিল্পী - রোকনুজ্জামান রোকন

আর কত রক্ত চাও পরোয়ার
দেখবো কবে ওই নীল আকাশে
উড়ছে পতাকা কালেমার।

দিয়েছি বিলিয়ে কত ভাইয়ের জীবন
কত মা হারালো তার বুকেরই ধন
তাদের জীবনের স্বপ্নগুলো
কবুল করো এবার।

চাই না দুনিয়ার এই বাদশাহী তাজ
দেখে যেন যেতে পারি কুরআনের রাজ
তোমার পথে যেন চলতে পারি
চাই না জীবনে কিছু আর। (ঐ)

সে কোন বন্ধু বল বেশী বিশ্বস্ত

কথা ও সুর-কবি মতিউর রহমান মল্লিক
শিল্পী - মশিউর রাহমান

সে কোন বন্ধু বল বেশী বিশ্বস্ত
কার কাছে মন খুলে দেওয়া যায়
কার কাছে সব কথা বলা যায়
হওয়া যায় বেশী আশ্বস্ত
তার নাম আহমদ বড় বিশ্বস্ত।

যে জন কখনো ব্যাথা দিতে জানেনা
যে জন কেবলই মুছে দেয় বেদনা
হৃদয়ের হাহাকার আপন করে নিতে আর
কার বুক এত প্রশস্ত
তার নাম আহমদ বড় বিশ্বস্ত।

মহানবী বলে তারে কেউ বা ডাকে
আমি ডাকি প্রিয়তম
সে আমার ধ্যান ভালাবাসা প্রেম
মধুময় মনোহর স্বপ্ন সমর

যে জন করুণার অনুপম উপমা
যার মত মরমী/দরদী কোথায় আর মিলেনা
জীবনের আগ্নিনায় আবাদ করে দিতে আর
কার বুক এত প্রশস্ত
তার নাম আহমদ বড় বিশ্বস্ত।

শাহ জালালের বাংলাদেশে জানাই আমন্ত্রণ

শিল্পী - নওশাদ মাহফুজ

কোথায় আছো হামজা তারিক
কোথায় আছো মুসা খালিদ ছেড়ে এ ভুবন
শাহ জালালের বাংলাদেশে জানাই আমন্ত্রণ
রে শাহ পরানের জানাই আমন্ত্রণ।।

এই দেশে আজ নেই খানজাহান
নেই তিতুমির নেই তো শাহ পরান
তাই বলে দ্বীন ইসলাম কি আজ
নিভে যাবে এই ধরা মাঝ ?
বলনা ভেবে মন। (ঐ)

নবীর খুনে রাঙা যে দিন
সে দ্বীন কি আজ হবে রে বিলীন ?
উঠ জেগে তাওহীদ জনতা
ফেল ভেঙ্গে ফেল নীরবতা
করছি আওভান। (ঐ)

যাদের হৃদয়ে আছে আল্লাহর ভয়

কথা - বেলাল হুসাইন নুরি

সুর - মশিউর রাহমান

যাদের হৃদয়ে আছে আল্লাহর ভয়
তারা কভু পথ ভুলে যায়না,
আল্লাহর প্রেম ছাড়া এই দুনিয়ায়
কারো কাছে কোনো কিছু চায়না।।

রাতের আঁধারে যারা সেজদাতে রয়
দুচোখের অশ্রুতে নদী যেন বয়।২
ছলনার হাতছানি যতই আসুক
পেছনে ফিরেও সে তাকায় না।

দ্বীন কায়েমের পথে যারা অবিচল
তারা হলো আল্লাহর প্রিয়জন,
বাতিলের কাছে যারা হার মানেনা
সংগ্রাম করে যায় আমরণ।

হেরার আলোতে যার হৃদয় রঙিন
হাতে আল কুরআনের দীপ্ত সঙিণ,
সত্যের পথে যারা নিবেদিত প্রাণ
শত্রুকে কভু ভয় পায়না।

যাদের হৃদয়ে আছে আল্লাহর ভয়
তারা কভু পথ ভুলে যায়না,
আল্লাহর প্রেম ছাড়া এই দুনিয়ায়
কারো কাছে কোনো কিছু চায়না।

জালিমের বন্দি শালায়

শিল্পী - নওশাদ মাহফুজ

জালিমের বন্দি শালায়
বন্দি কেন আমার নেতা ?
কারার ঐ লৌহ কপাট
ভাঙ্গবে এবার বীর জনতা !

এ জুলুম আর তো সওয়া যাবেনা...
অন্যায় মেনে নেয়া হবেনা.....
বদরের সঙ্গীরা সব ওঠ জেগে
ভাঙ নীরবতা,
জালিমের বন্দি শালায়
বন্দি কেন আমার নেতা ?
কারার ঐ লৌহ কপাট
ভাঙ্গবে এবার বীর জনতা !

আমাদের রক্তে আগুন লেগেছে...
মজলুম দিকে দিকে জেগেছে.....
বাতিলের দুর্গ ভেঙ্গে
উড়াবো তাওহিদ পতাকা
জালিমের বন্দি শালায়
বন্দি কেন আমার নেতা ?
কারার ঐ লৌহ কপাট
ভাঙ্গবে এবার বীর জনতা ।

আমাদের সংগ্রাম চলবেই

শিল্পী - নওশাদ মাহফুজ

পরিচালনায় – প্রয়াস

আমাদের সংগ্রাম চলবেই
সত্যের সংগ্রাম চলবেই
আজকে যে সত্য তোমরা বলোনা
ইতিহাস একদিন বলবে।।

আমাদের সংগ্রাম আজকের নয়
চোদ্দশো বছর আগের
চলবে যতদিন রবে পৃথিবী
এ সংগ্রাম প্রিয় রাসুলের। ঐ

এ পথে আছে জানি মৃত্যুর ভয়
এ ও জানি এ পথে নেই পরাজয়
মিথ্যার যে বরফে ঢাকা পৃথিবী
আজ নয় কাল তা গলবে। ঐ

বাতিলেরা আমাদের যুগে যুগে চিনতে করেনা তো ভুল
ষড়যন্ত্র আর অপবাদে সদা থাকে মাসগুল।
থামেনিকো মোদের পথও চলা
ব্যর্থ তাদের সব ছলা কলা
এভাবে একদিন প্রতিটি ঘরে
কুরআনের আলো জ্বলবে। ঐ

আমাদের কাফেলা সম্মুখে ছুটে চলে দূর্বীর

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

আমাদের কাফেলা সম্মুখে ছুটে চলে দূর্বীর
মানে না প্রতিরোধ বাধার পাহাড় করে চুরমার ।।
তাই শপথের সঙ্গীরা এগিয়ে চল
হিম্মৎ বুকে নিয়ে আওয়াজ তোল
এক আল্লাহর কাছে ছাড়া
এই কাফেলা কারো কাছে নত হয় না
হতে পারে না।
জেল জুলুম আর নির্যাতনে
কাফেলার পথ চলা থেমে থাকে না
কখনো রবে না।

আমাদের কাফেলা সম্মুখে ছুটে চলে দূর্বীর
মানে না প্রতিরোধ বাধার পাহাড় করে চুরমার ।।
সম্মুখে যত বাঁধা আসুক সব মাড়িয়ে যাবে এই কাফেলা
শহীদের এই মিছিলে শক্তি দিবেন আল্লাহ তালা
আরশের ও শক্তি বুকে নেই কোন ভয় কোন দিকে
ফেরার পথে তাই এগিয়ে চল। (ঐ)

ঐ দেখ অমানিশার রাতে সুবহে সাদেক এসে ডেকে গেল
আধারের এই রাত কেটে আসবে সকাল আসবে আলো
হতাশারও চাদর খুলে দিগু পায়ে তাই দলে দলে
মুক্তির মাঞ্জিলে এগিয়ে চল। (ঐ)

মন থেকে অগোচরে যা কিছু মুছে যায়

কথা ও সুর - নাজমুল কবির
শিল্পী - নওশাদ মাহফুজ

মন থেকে অগোচরে যা কিছু মুছে যায়,
আনন্দ ঘন ছাড়া বেদনার স্মৃতি গুলো নিরবে কাদায়।

একটি মানুষ তার মনো মনো,
হৃদয়ের জনালাতে উকি দেয় অগন,
বেদনার মরুধূলি শুধু উড়েনা
তুষের অনলের মত দহনে পোড়ায়।

কিছু কিছু মানুষের জীবন আচরন সম্মুখে চেনা যায়না,
জীবন চলে গেলে তার রাখা বাকী কাজ কেউ মিলাতে পারেনা,
যার কথা ভেসে উঠে মনে বারে বার,
তার মত আপন এত কে হবে আবার,
প্রিয়জন চলে গেলে ফিরে আসেনা,
তাকে ছাড়া কোনো ভাবে প্রান না জুড়ায়।

যারা আল্লাহর পথে চলে, আল্লাহর কথা বলে

কথা ও সুর - আব্দুস সালাম

শিল্পী - নওশাদ মাহফুজ

যারা আল্লাহর পথে চলে, আল্লাহর কথা বলে
আল্লাহকে ভালবেসে সঁপেছে জীবন।
তাদের কিসের ভয় কে করে পরাজয়
শহিদী তামান্নাতে নাচে তার মন।।

হাসনাহেনার গানে ভুলেনা হৃদয় তার
কালেমার মেশক মাখা হৃদয় রয়েছে যার
সব পিছুটান ভুলে জিহাদের পথে চলে
সেতো তার ঈমান বলে।ঐ

লালসার কাছে কভু হয়না সে পরাজয়,
জীবন বিলিয়ে সেতো জান্নাত করে ক্রয়
মৃত্যুর মুখোমুখি দাড়িয়েও যারা সুখী
এসো আজ তাদের দলে।ঐ

যারা আল্লাহর পথে চলে, আল্লাহর কথা বলে
আল্লাহকে ভালবেসে সঁপেছে জীবন।
তাদের কিসের ভয় কে করে পরাজয়
শহিদী তামান্নাতে নাচে তার মন।।

প্রভু তুমি বলেছো রাসুল দেবে না

কথা ও সুর - আবুল আলা মাসুম

শিল্পী - আব্দুন নূর

প্রভু তুমি বলেছো রাসুল দেবে না
বলনি দেবে না ওমর,
বলনি দেবেনা হামজা তারিক
খালিদ বিজয়ী সমর।
প্রভু তুমি বলেছো রাসুল দেবে না ।

বলনি দেবেনা ওমরের যুগ,
রাসেদার সেই খিলাফা,
ফিরিয়ে দেবে না আলোর সমাজ
কেটে কেটে আধারে রাত।

পৃথিবীর দিকে দিকে শুধু হাহাকার,
লাঞ্ছিত মানবতা
মাজলুমানেরি আহাজারিতে বয় বাতাসে বিষণ্ণা।
পুনরায় পাঠাওগো ওমর আবার
কাটুক আধারের ঘোর
বলনি দেবে না হামজা তারিক
খালিদ বিজয়ী সমর।

আমি কোরআনের কর্মী

কথা – আল্লামা দেলওয়ার হোসাইন সাইদী

আমি কোর' আনের কর্মী আছি ঢাকা কেন্দ্রীয় কারাগারে
আমি কারাগার থেকে গানে গানে কথা বলছি সবার তরে
আমি ভাল আছি বেশ ভাল নেই দুঃখ বেদনা কোন
শুধু দোয়া চাই সবে দোয়া কর যারা তোমরা আমাকে চেন

আমি সত্য পথের পথিক বন্ধু শধু এই দোষ বলে
আজ বহুদিন মাস কারাগারে আছি বাতিলের রোষানলে
তবু দুঃখ করিনা আল্লাহ সহায় নেই নেই কোন ভয়
আমি বিশ্বাস করি মিথ্যাচারের হবে হবে পরাজয় ।।

আমি মেঘনায় থাকি দিন খাতা এক আছি আছি বেশ ভাল
শুধু বহুদিন ধরে দেখেনা দুচোখ বাহিরের কোন আলো
আমি রাজপথ ছেড়ে আছি বহুদূরে সাথীদের নেই খোজ
তাই ব্যাথার স্মৃতির আশায় আশায় কেটে যায় দিন রোজ

বুঝি দেখেনি দুচোখ বহুদিন ধরে দুঃখিনি মায়ের মুখ
আর বাবার স্নেহের কথা মনে করে কেদে কেদে উঠে বুক
আমি মাঝে মাঝে দেখি গ্রীলের ওপাশে দাঁড়িয়ে কাদছে মা
তার কাদা কাদা মুখ দেখে যায় শুধু কিছু বলতে যে পারিনা

আমি পরক্ষনে নিজেকে চিনি ভুলে যায় সব কথা
আর মাকে বলি মা ভাল থেকেও এই বলে করি শেষ কথা
আমি মমতার সব হাতছানি ভুলে তাহাদের কথা ভাবি
যারা দ্বীনের তরে নির্যাতনে আর নীপীড়ন সয় জানি

যারা দ্বীনের আলোয় আলোকিত চায় দেখতে এই জমীন
আর পাজরের রাজা খুন ঢেলে দিয়ে পরিশোধ করে ঋণ
আমি তাহাদের চেয়ে অনেক তুচ্ছ অনেক স্বার্থপর
তাই তাহাদের মত পারিনিক হতে পড়ে আছি কারাগার

আমি পারিনিকো হতে মালেকের মত সেই সৌভাগ্যবান
যিনি দ্বীনের তরে নিজের জীবন করে গেছে কোরবান ।(ঐ)

যদি আমার গান শুনতে মন চায়

কথা ও সুর - রোকনুজ্জামান রোকন

শিল্পী - রোকনুজ্জামান রোকন

যদি আমার গান শুনতে মন চায়
কোরআনের সূর তুমি শুনে নিও,
যদি আমার গান বুঝতে মন চায়
মাজলুমানের ব্যথা বুঝে নিও.....

যেখানে মানবতা লাঞ্চিত হয়
সেখানে আমার এ গান,
জালিমের বিরুদ্ধে লড়তে শিখো
গানে গানে সেই আহবান,
আমার গানের ভাষা বুঝতে যদি চাও
আযানের সূর তুমি শুনে নিও.....

যে গানের সূরে সূরে জাগবে মানুষ
জাগবে ঘুমের পাড়া,
কোরআনের পথ পানে ছুটবে সবাই
পড়বে নতুন সাড়া,
সে গানের সূর তুমি শুনতে যদি চাও শহীদি
মিছিলে তুমি শামিল হয়ো । (ঐ)

যে ইমান প্রয়োজনে জ্বলে উঠে না

কথা ও সুর - আব্দুস সালাম

শিল্পী - মসিউর রহমান

যে ইমান প্রয়োজনে জ্বলে উঠে না
যে ইমান সত্য ন্যায়ের কথা বলেনা ।
যে ইমান প্রয়োজনে জ্বলে উঠে না
যে ইমান সত্য ন্যায়ের কথা বলেনা ।
যে ইমান বাস্তবে নাই, যে ইমান অন্তরে নাই
মুখে শুধু ফাঁকা বুলি ।
কিভাবে তারে বলো ইমান বলি । (এ)

যে ইমান দীন কায়েমের আন্দোলনের ধার ধারে না ।
যে ইমান লেবাসধারী, কোরআন, হাদীস তাও পড়ে না ।
যে ইমান খাজার নামে মাজার গড়ে ফুলোস কামায় ।
যে ইমান শীরকিয়াতের আমল করে ভীত না হয় ।
যে ইমান বাস্তবে নাই, যে ইমান অন্তরে নাই
মুখে শুধু ফাঁকা বুলি ।
কিকরে তারে বলো ইমান বলি । ঐ

যে ইমান, ইমান ভুলে নাস্তিকতার মঞ্চে উঠে
যে ইমান বাতিল মতের দোসর করে ফায়দা লোটে
যে ইমান শুধুই কেবল খায়দায় আনন্দ করে
যে ইমান দেখেনা যে ফিলিস্তিনে ভাইরা মরে

যে ইমান ময়দানে নাই, যে ইমান বাস্তবে নাই
মুখে শুধু ফাঁকা বুলি
কিকরে তারে বলো ইমান বলি । ঐ

একজন মুজাহিদ কখনো

কথা ও সুর - কবি মতিউর রহমান মল্লিক
শিল্পী - কবি মতিউর রহমান মল্লিক

একজন মুজাহিদ কখনো
বসে থাকে না, বসে থাকে না।
যতই আসুক বাঁধা, যতই আসুক বিপদ
ভেঙ্গে পড়ে না।

অর্থ বিভূ নাই বা থাকলো তার
নাই বা থাকলো সাজানো সম্ভার
তবুও সে হয় না হতাশ
মুঘড়ে পড়ে না। ঐ

একজন মুজাহিদ জীবনের ধ্রুব সত্য জানে
তাই অবিরাম ছুটে চলে
সঠিক লক্ষ্য পাণে
সামনে থাকলো হাজার পাহাড় তার
দুশমন হল না হয় বেসুমান
তবুও সে চলতে থাকে
থমকে দাড়ায় না। ঐ

সেই সংগ্রামী মানুষের সারিতে

কথা - গোলাম মোহাম্মাদ

সুর - মোয়াজ্জেম হোসেন

সেই সংগ্রামী মানুষের সারিতে
আমাকেও রাখিও রহমান
যারা কোরানের আহবানে নির্ভিক
নির্ভয়ে সব করে দান।।

তোমারই রঙ্গে যারা রঙ্গিন
তোমারই ডাকে ধরে সঙ্গীন
যারা সকল শক্তি দিয়ে দাঁড়িয়ে থাকে
মিথ্যার করে অবসান।।

ফুলেল মানুষ করে ঘ্রানে উজালা
প্রানে ভালোবাসা আর সৌরভ
আকাশ সমান বুকে উদার সাহস
নিজেকে বিলিয়ে তার উৎসব।।

শাহাদাতে চলে শত ব্যথা ভুলে
তোমার প্রেমের ফুল হৃদয়ে তুলে
আছে সেই আলোময় ফুলের পথে
বিজয়ের পূত উদ্যান।।

একদিন চলে যাবো পৃথিবী ছেড়ে

শিল্পী - মাওলানা তারেক মনোয়ার

একদিন চলে যাবো পৃথিবী ছেড়ে সবই ছেড়ে একদিন,
রবেনা কিছুই আমল ছাড়া ছেড়ে যাবো সব স্বপ্ন রঙ্গিন।

একদিন চলে যাবো পৃথিবী ছেড়ে চলে যাবো বহু দূরে
যেখানে থাকবে স্বজন সুজন ডাকবে না কেউ চেনা সুরে
মাটি আসবে তেড়ে চারিদিক হতে চাপা দিতে
আমার নামাজ রোজা প্রাচীর হবে তখন আমায় বাঁচাতে।
ইমান আমল ছাড়া বন্ধু রবে না
আসবে না কেউ সাড়া দিতে আঁধার গোরে। ঐ

ছোট্ট এই জীবনে কত কিছু হাতছানি দিয়ে ডাকে যে আমায়
আনন্দ মোহ ভোগ বিলাস মোহ লালসার ছলনায়
দুচোখ বুজে গেলে সবই তো আমার পর হয়ে যায়
মাটি চাপা দিয়ে সবাই ফেরে ওগো আপন কুলায়
তুমি আল্লাহ আমার প্রিয় সাথী
তোমার প্রেমে নিও আপন করে। ঐ

যে ফুল যুগ যুগান্তরে খুশবু ছড়ায়

কথা - তোফাজ্জেল হোসাইন খান

শিল্পী - আব্দুল্লাহ আল মুজাহিদ

যে ফুল যুগ যুগান্তরে খুশবু ছড়ায়
এঁকেছি সে ফুল মোরা
মনের ই কাবায়।।

হাবীবে খোদা তিনি নবী কামলিওয়ালা,
তাঁরই ছোঁয়াতে আজো দুনিয়া উজালা,
তাঁরই বিরহে দু' চোখ
অশ্রু বারায়।।

গাহে গুণগান যার খোদ খোদাতায়ালা,
কবি- আকবি গাঁথে শত সুরমালা,
ঝরে ধারা অবিরত
কভু না ফুরায়।।

যাঁরে খোদা ডেকে নিয়ে আরশ পাকে,
মধুর সুমধুর সুরে নাম ধরে ডাকে,
তাঁরই প্রেমে কাতর এ বুক
জ্বলে পুড়ে যায়।।

দেশ বাঁচাতে জাগো

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

দেশ বাঁচাতে জাগো, মানুষ বাঁচাতে জাগ, মানবতা বাঁচাতে জাগো
স্বপ্ন বাঁচাতে জাগ, সত্য বাঁচাতে জাগো, স্বাধীনতা বাঁচাতে জাগো
গণতন্ত্র বাঁচাতে এবার জাগো জনতা জাগো ।।

৫৬ হাজার বর্গ মাইলের এই দেশ যেন আজ কারাগার
গুম খুন সন্ত্রাস ভাসছে নদীতে লাশ
রুখতে হবে অনাচার
তোমায় জাগতে হবে তিতুর মত
নয়ত মরতে হবে ভিতুর মত
গণতন্ত্র বাঁচাতে এবার জাগো জনতা জাগো । ঐ

বিপন্ন মানবতা মৃতপ্রায় স্বাধীনতা
বাঁচাবার এই অভিযান
সফল করতে হবে
স্বদেশ গড়তে হবে
জাগ্রত আজ কোটি প্রাণ।
ভাইয়ের বুকে কেন ভাইয়ের গুলি
স্বদেশ গড়তে এসো বিভেদ ভুলি,
গণতন্ত্র বাঁচাতে এবার জাগো জনতা জাগো । ঐ

প্রশংসা সবই কেবল তোমারি

কথা - কবি মতিউর রহমান মল্লিক

শিল্পী - মসিউর রহমান

প্রশংসা সবই কেবল তোমারি, রাব্বুল আলামিন।

দয়ালু মেহেরবান, করুণা অফুরান

আর কেউ নয় তুমি মালিক,

শেষ বিচারের দিন।

কেবল তোমারি করি ইবাদাত

কেবল তোমারি চাহি নিয়ামাত।

দাও দিশা দাও সরল পথের;

সিরাত মুস্তাকিম।।(ঐ)

যাঁদের উপরে করেছ রহমত

পেয়েছে তোমার অশেষ মহাব্বত।

তাঁদের সে পথ দাও আমাদের

দাওগো তোমার দ্বীন।।(ঐ)

যাদের উপরে কেবলই গজব

নাযিল করেছ দিয়েছ আযাব।

তাদের সে ভাগ্য দিওনা মোদের,

হে অসীম সীমাহীন।।(ঐ)

যদি আগামীর দিনটাকে

কথা ও সুর - আব্দুস সালাম

শিল্পী - নওশাদ মাহফুজ

যদি আগামীর দিনটাকে পেতে চাও আলোয় ভরা,
যদি পেতে চাও রাশি ডাক আলোকিত বসুন্ধরা।
তবে জ্ঞানের প্রদীপ জ্বেলে দাঁড়িয়ে তোমার
দ্বারে আহ্বান করিছে তোমায়, এসো এ আঙিনায়
মুক্তির মোহনায়, এসো এ আঙিনায়, মুক্তির মোহনায়।(ঐ)

লক্ষ প্রানের বিনিময়ে পেলাম স্বাধীনতা,
তবু কেনো আজ মৃত্যুর দারে কাঁদছে মানবতা।
আবার সোনার দেশ গড়তে হবে,
ষড়যন্ত্রের বাঁধা রুখতে হবে ,
সময় এসেছে ফের এগিয়ে
যাওয়ার, এগিয়ে যাওয়ার, এগিয়ে যাওয়ার, ।

শান্তি সুখের সোনালী সেদিন আসবে আবার ফিরে,
ঐশী আলোয় সাজবে সমাজ, স্বপ্ন দুচোখ জুড়ে(২)
বাঁধার প্রাচীর যত ভাঙতে হবে, ষড়যন্ত্রের বাঁধা রুখতে হবে(২)।
আগামীর দিন শুধু সম্ভাবনার, সম্ভাবনার, সম্ভাবনার, । ঐ

আল্লাহর পথে যারা দিয়েছে জীবন

কথা ও সুর - আব্দুস সালাম

আল্লাহর পথে যারা দিয়েছে জীবন
তাদেরকে তোমরা মৃত বলো না, বলো না মৃত।।

ওরা আছে চেতনায় আমাদের
ওরা আছে প্রেরনায় আমাদের
ওরা আছে সংগ্রামে সাধনায়
দুর্বীর দুর্গম অপরাজিত।

তাদেরকে তোমরা মৃত বলো না, বলো না মৃত
ওরা আছে অলখে আমাদের
ওরা আছে পলকে আমাদের
ওরা আছে মিছিলে মিছিলে
চিরদিন চিরচেনা পরিচিত।

তাদেরকে তোমরা মৃত বলো না, বলো না মৃত
ওরা আছে সাহসে আমাদের
ওরা আছে সমুখে আমাদের
ওরা হল শহীদি জীবনের
সংগ্রামী পতাকা উচ্চকিত।

তাদেরকে তোমরা মৃত বলো না, বলো না মৃত

আমাকে যখন কেউ প্রশ্ন করে

কথা ও সুর -মতিউর রহমান মল্লিক
শিল্পী - সাইফুল্লাহ মানসুর

আমাকে যখন কেউ প্রশ্ন করে
কেনো বেঁছে নিলে এই পথ
কেনো ডেকে নিলে এই বিপদ!
জবাবে তখন বলি, মৃদু হেসে যাই চলি,
বুকে মোর আছে হিম্মত ।।

বাতাসের সাথে স্রোত বিরোধিতা করে বলে
বুকে উঠে ঢেউ সাগরের
সাগরের বুকে ঢেউ আছে বলে বন্ধু
ভাঙ্গে গড়ে পৃথিবী মোদের
তুমি ভীরা নদীহীন, প্রাণ থেকেও প্রাণহীন
জড়বাদী তাই তব মতামত। ঐ

আলোকের সন্ধানে
সন্ধানী কোন মন
পেয়ে গেলে আলোকের সন্ধান
ফিরে যেতে চাই কি সে আঁধারের দিকে আর
যদি না সে হয় কভু নিষ্প্রাণ।
আমি সে সন্ধানী, পেয়ে গেছি সন্ধান
যদিও রয়েছে খাড়া জুলমাত,
বুকে মোর আছে হিম্মত!

আমি যদি কোনোদিন পথ ভুলে যাই

কথা - জাকির আবু জাফর

সুর - মসিউর রহমান

আমি যদি কোনোদিন পথ ভুলে যাই
হাতছানী দিয়ে কাছে নিও
মমতার বন্ধনে আমায় বেঁধে
সব ভুল ক্ষমা করে দিও।।

জেনে না জেনে কত করি অপরাধ
কখনো করোনা তুমি বাধ- প্রতিবাদ
তোমার দয়ার সীমা নাই নাই নাই
সেই দয়া পেতে আজ কাঁদি আমিও
মমতার বন্ধনে আমায় বেঁধে
সব ভুল ক্ষমা করে দিও। ঐ

ভুল ছাড়া জীবনে আর কি আছে
ভুল করে ফিরে আসি তোমার কাছে
তোমার দেয়া সেই আলোকিত পথ
যেই পথে খুঁজে পাই আসল কিমত
আজ শুধু ফরিয়াদ তোমার কাছে -২
সেই পথে চলবার শক্তি দিও।
মমতার বন্ধনে আমায় বেঁধে
সব ভুল ক্ষমা করে দিও। ঐ

যে জীবন শাহাদাতে উদ্দীপ্ত

সাইমুম শিল্পী গোষ্ঠী

যে জীবন শাহাদাতে উদ্দীপ্ত
সে জীবন বাঁধা মানে না।
যে পথে শহীদ কামারুজ্জামান
সেই পথ কভু থামে না।।

যে পথে চলে গেছে হামজা তারেক
খালিদের রক্তে যে পথ হল লাল
খোবায়ের খাব্বাব যে পথেই তাজা খুন
সে পথের সাথী হল কামারুজ্জামান
জান্নাত কিনে নিলো সপে দিয়ে তাজা প্রাণ
এটাই তো মূল প্রেরনা,
সে জীবন বাঁধা মানে না।

আল্লাহর রাহে দিলো জীবন উৎসর্গ
অপরাধ ছিল কালিমার স্লোগান
জালিমের মসনদ কাপে যার হুঙ্কারে
ফাঁসির মঞ্চে গায় জীবনের গান
ভাগ্য প্রসন্ন তাদেরই জন্য ,
শাহাদাত যার কামনা,
সে জীবন বাঁধা মানে না।

এইতো মরণ বুঝি এলো

কথা ও সুর: আবু সা'দাত লু'লু

শিল্পী - আলী হুসাইন

মাঝে মাঝে মনে হয়, পৃথিবী কিছু নয়
এইতো মরণ বুঝি এলো ।।

এসেছি এ ভবে, বেশি দিন নয়
এরই মাঝে কেটে গেছে, অনেকটা সময়
হারানো দিনের কথা, মনে পড়ে যখনই
ভেজা চোখ করে টলমল (ঐ)

মিছে এই খেলা ঘর, মিছে সংসার
সব ছেড়ে চলে যাব, মাটিতে আবার
দুদিনের দুনিয়ায়, কত বাহাদুরী
আলোকের পথ ভুলে, আধারে ঘুরি

আখেরের সম্বল, কিছুইতো করিনি
কিভাবে পার পাব বলো (ঐ)

ঈমানের পথে অবিচল থেকে

কথা - আবু তাহের বিলাল

সুর - মসিউর রহমান

ঈমানের পথে অবিচল থেকে

আমার মরণ যেন হয়

তোমার-ই কাছে মিনতি

আমার মহামহিম দয়াময়।

প্রতিদিন মিথ্যের মুখোমুখি হই

বেদ্বীন ফাসেকেরা করে হই চই,

আযাযীল এসে, গোমরাহী সুর যার-

করে তোলে মোহময়।ঐ

আধারের দুর্গম আঁকাবাঁকা পথ

ভ্রান্তিতে পূর্ণ যত মতামত

কখনো হঠাৎ নফসের তাড়নায়-

লাগে সুন্দর মনোময়।

প্রতিক্ষণ সত্যের অবিনাশী ডাক

অবিরাম মনটাকে ছুঁয়ে ছুঁয়ে যাক,

ধুয়ে মুছে দিয়ে পাপ কালিমা-

স্বপ্ন জাগাও মধুময়। ঐ

কোন একদিন এদেশের আকাশে

কথা ও সুর - লোকমান হেকিম
শিল্পী - শাহাবুদ্দিন শিহাব

কোন একদিন এদেশের আকাশে
কালেমার পতাকা দোলবে-
সেদিন সবাই খোদায়ী বিধান পেয়ে
দুঃখ বেদনা ভুলবে

সেদিন আর রবেনা হাহাকার
অন্যায় জুলুম অবিচার
থাকবে না অনাচার, দুর্নীতি কদাচার
সকলেই শান্তিতে থাকবে
সেদিন সবাই খোদায়ী বিধান পেয়ে
দুঃখ বেদনা ভুলবে

একাকিণী রমনী নির্জন পথে যাবে
কোন জন কটু কথা কবে না
কোনদিন পথে ঘাটে সম্পদের মোহে
খুন আর রাহাজানি রবে না
সেই দিন আর নয় বেশি দূরে
আর কিছু পথ গেলে মিলবে
সেদিন সবাই খোদায়ী বিধান পেয়ে
দুঃখ বেদনা ভুলবে

অশান্তির কোপানলে মরিসনা ধুকে ধুকে
আয় তোরা দিকে দিকে ছুটে আয়
যতদিন দূরে যাবে ততদিন পিছে রবে
শান্তি আসিতে এই দুনিয়ায়
খোদার আইন ছাড়া অন্যকিছুতে আর
মানুষের শান্তি না মিলবে
সেদিন সবাই খোদায়ী বিধান পেয়ে
দুঃখ বেদনা ভুলবে-।ঐ

আমাকে শহীদ করে সেই মিছিলে

মাওলানা তারেক মনোয়ার

আমাকে শহীদ করে সেই মিছিলে

সামিল করে নিও....

যেই মিছিলের নেতা আমির

হামজা খোবায়ের খাবাব.

খোদার ছিল যারা অতি প্রিয়

সামিল করে নিও, । ঐ

সাইয়েদ কুতুব হাসানুল বান্না

সেই মিছিলে হলো গণ্য

বেরলোবি তিতুমীর মালেক হামিদ

সেই মিছিলের সাথী অনন্য,

মরণ তো একদিন আসবে জানি

মিনতি তোমার কাছে চির জীবনের

সেই মরণ আমায় দিও,

সামিল করে নিও.. । ঐ

কার না সাধ হয় নিস্পাপ কান পেতে

সদ্য ফোটা ফুল সম

খোদার কাছে হওয়া সব চেয়ে প্রিয় তম

মরন তো একদিন আসবে জানি

মিনতি তোমার কাছে চির সুখের সেই

মরন আমায় দিও, শহীদ করে নিও । ঐ

টিক টিক টিক টিক

মতিউর রহমান মল্লিক

টিক টিক টিক টিক যে ঘড়িটা বাজে টিক টিক বাজে
কেউ কি জানে সেই ঘড়িটা লাগবে কয়দিন কাজে।

ঝকঝক ফকফক করে যদিন ঘড়ির চেহারা
তদিন তাঁরে কিনতে চায় যে খরিদারেরা।
সময়মতো সময় দিলে সবখানে বিরাজে-

ঝকঝক তকতক জীবনঘড়ি করে যতোদিন
দাম থাকে তাঁর সবার কাছে বন্ধু ততোদিন।
মনের মাধুরি মিশিয়ে সাজায় নানান সাজে-

হায় হায় হায় হায় আসল ঘড়ির অর্থ বুঝলাম না
সময় থাকতে সময়ের মূল অর্থ খুঁজলাম না।
খাইলাম দাইলাম ঘুরলাম শুধু এই দুনিয়ার মাঝে-

যায় যায় যায় যায় দিন চলে যায় কুরআন পড়লাম না
কতো নভেল নাটক পড়লাম হাদিস ধরলাম না।
সত্যিকারের খাঁটি মুমিন-মুসলিম হলাম না যে
কেউ কি জানে সেই ঘড়িটা লাগবে কয়দিন কাজে ।।

কুরবানী দাও ওহে মুসলিম

কথা, সুর ও শিল্পী - ওবায়দুল হক

কুরবানী দাও ওহে মুসলিম
নিজের নফসের কুরবানী
রোজা হাশরে আল্লাহ দিবেন
তাহার নূরের রৌশনী ।

আমল যেনো না হয় তোমার
লোক দেখানো ইবাদাত
গুনাহ তোমার যাবে ঝরে
লাঘব হবে মুসিবাত
খোদার রাহে সপ নিজেকে
দূর করে মন শয়তানী । ঐ

পৌছে না ঐ আরশ পাকে
রক্ত মাংশ খাওয়া দাওয়া
পৌছে শুধু খোদার কাছে
গোপন মনে তাকওয়া
গরীব দুঃখী পথিক বন্ধু
কারো না যেনো হয় হয়রানি । ঐ

রক্তে রঞ্জিত ক্ষত-বিক্ষত

কথা - আবু তাহের বেলাল

সুর - মশিউর রহমান

রক্তে রঞ্জিত ক্ষত-বিক্ষত
প্রিয়জনের মুখ আজ যায় না চেনা
জীবন প্রদীপ ঐ নিভিয়ে দিল
গণ ধিকৃত বর্বর হয়না ।।

ওরা মানবতার চির দুশমন
মানুষরূপি যত পিশাচ খুনি
ওদের দিন যায় রাত যায় ধ্বংস নাশে
প্রলয় নিমজ্জতার প্রহর গুনি
ওরা শত্রু সবুজ এই পতাকার
এই রক্তের দাগ আর মোছা যাবে না । ঐ

আজ জসিম, শিপন, রুহুল আমিন
লকলকে তাজা খুন বীর মুজাহিদ
বৈঠা লগির আঘাতে আঘাতে
ছটফট করে ঐ হলো যে শহীদ
তাদের কফিন ছুয়ে করেছি শপথ
খুনিরা কভু ক্ষমা পাবে না। ঐ

অবুঝ মন নিয়ে একটি সবুজ ছেলে

প্রবাহ

অবুঝ মন নিয়ে একটি সবুজ ছেলে
এসেছিল এই ক্যাম্পাসে
প্রতিকূল দাবদাহে পুড়েছে হৃদয় তার
অস্থিরতার ক্যানভাসে।

মায়ের ভালবাসা ভুলে গিয়ে
ছলনার প্রেমে সে কাটায় বেলা।
শান্ত সকালে ঐ ফজরের শুর
হৃদয়ে জাগায় না শুরের মেলা
তার জীবন নদীর পথ গিয়েছে বেঁকে
ফেরাও তাকে ফেরাও তাকে।
জাহেলিয়াত আগুন থেকে। ঐ

স্লোগানে মিছিলে আড্ডায় তাসে
অর্থহীনে দিন যায় কেটে যায়।
সত্য পথের এই অবিনাশী ডাক
দলে যায় সে মাতাল নেশায়
যেন তাগুতের ভূত তাকে ধরেছে জেকে। ঐ

গানেরই সুরে সুরে সবুজের মতিহারে

সাইমুম শিল্পী গোষ্ঠী

গানেরই সুরে সুরে সবুজের মতিহারে
আমরা পথ চলি
শহীদের স্মৃতি নিয়ে মন-প্রাণ দিয়ে
আল্লাহর কথা মোরা বলি
বিকল্প পথে মোরা চলি ।

এই পথ নয়তো ফুলে সাজানো
এই পথ কণ্টকাকীর্ণ
তবুও আমরা সামনে যাবো
সকল বাঁধা করে দীর্ঘ
যতই আঘাত লাগে লাগুক গায়ে
মাড়িয়ে যাবো ব্যাথাগুলি ।
বিকল্প পথে মোরা চলি । ঐ

এই পথ শহীদের রক্ত মাখা
এই পথ আমাদের স্বপ্ন
তাইতো শত সুর গান অভিনয়
সোনালী সুদিনের জন্য
জীবন রাজ্যতে এসো দলে দলে
ফোঁটাতে যতো ফুলের কলি । ঐ

দাও খোদা দাও আমায় আবার

কথা - আসাদ বিন হাফিজ

সুর - মশিউর রহমান

দাও খোদা দাও আমায় আবার
উমর দারাজ দিল
দাও আলীর মত বীর সেনানী
জাগাতে নিখিল।

হামজাকে দাও ঘরে ঘরে
জীবন দিতে অকাতরে
আমার কা'বা ভাংতে এলে পাঠাও আবাবিল।
দাও খোদা দাও আমায় আবার
উমর দারাজ দিল।

সাচ্চা ঈমান দিয়ে পাঠাও শত সাহাবা
তাদের দেখে বিশ্ব আবার বলুক মারহাবা।
আবার পাঠাও আবু বকর
ফেতনা ফ্যাসাদ আসুক সমর
অনড় অটল পাহাড়সম দাও সেই মনের মিল।

দাও খোদা দাও আমায় আবার
উমর দারাজ দিল। ঐ

নেই দাওয়াতে মিল

কথা - রবিউল আহসান মিনার

শিল্পী - মশিউর রহমান

তোমার দাওয়াত আমার দাওয়াত নেই দাওয়াতে মিল
তোমার কিতাব আমার কিতাব নেই আবার অমিল ।

তোমার দাওয়াত মাংস পোলাও, প্লেট ভরা ভাত
আমার দাওয়াত জেলখানাতে দূবীসহ রাত ।
তোমার দাওয়াত এসির নিচে, তালাশ করা নেক ।
আমার দাওয়াত ময়দানেতে দিন রাত করা এক ।

তোমার দাওয়াত দেখেনা ঘোস, সমাজ ভরা সুদ ।
তোমার দাওয়াত বৈধতা দেয় ফেরাউন, নমরুদ ।
আমার দাওয়াত ইসলামি আইন, আল কোরানের বল ।
আমার দাওয়াত মানেনাকো জুলুমবাজির দল ।

তোমার দাওয়াত আল কোরানে তাবিজ খোজার পথ
তোমার দাওয়াত জাল হাদিসে বিকর্কে দেয় মত ।
তোমার দাওয়াত মিলাদ কিয়াম হাজার টাকার নোট ।
আমার দাওয়াত আন্দোলনে কায়েম করা দ্বীন ।
আমার দাওয়াত বাতিল প্রানে বাজায় ব্যাখার বীন ।

আমার দাওয়াত আবার জেগে উঠে মুসলমান
আমার দাওয়াত কোরআন হাদীস হবে সংবিধান ।

তোমার দাওয়াত টাকা কামাই উৎস করো লোন
তোমার দাওয়াত দেয়না ব্যাথা ত্যাগের কোন উসোল
আমার দাওয়াত মালিক জিনি হুকুম মানা তার ।
আমার দাওয়াত শাহাদাতের দিচ্ছে খোলে দ্বার ।

মিছিলে এক হয়েছি হাজার সাথী বন্ধু রাহাতের

কথা - সাইয়েদুল ইসলাম

সুর - হেলাল আহমেদ

মিছিলে এক হয়েছি হাজার সাথী বন্ধু রাহাতের
শহীদি ঈদগাহে মা আমরা সবাই
ভাই সে আমাদের ।।

শহীদি এই মিছিলে যে ছিল মা সদয় ব্যকুল
কোথা মা রেখে ছিলে এমন গোলাপ
জান্নাতি ফুল
জালিমের ভাঙতে কারা দিনের পরে দিনের পরে
দেখ মা দ্রোহের আওয়াজ ঘরে ঘরে
সে রাতে ঢেউ খেলে মা তপ্ত বালুতে।

দেখ মা উজান মিছিল ঢেউয়ের মত
সামনে বাড়ে
যমুনা কর্ণফুলি পদ্মা ছেড়ে সুরমা পাড়ে।
আগুনের ফুস্কি ঝরে ঐ স্লোগানে ঐ স্লোগানে
কাফেলার আওয়াজ শোন
লক্ষ প্রানে লক্ষ প্রানে
লহুতে ধ্বনি ওঠে নতুন জেহাদের।

শাহাদাত ঈমানের পরম পাওয়া

কথা - গোলাম মোহাম্মাদ

সুর - মশিউর রহমান

শাহাদাত ঈমানের পরম পাওয়া,
শাহাদাত মুমিনের পরম চাওয়া ।।

বুকে কালেমার ফুল ফোটে যদি
বহে যদি ঈমানের সতেজ নদী
তাহলেই কবুলের গজল গাওয়া

যে বুকে আল্লাহর ভালবাসা আছে
তার তো মিনতি শুধু তারই কাছে
তৃপ্তি শাহাদাতে শহীদ হওয়া

আল্লাহর খুশিতেই যেই জন সুখি
প্রাণ দিয়ে সেইজন আল্লাহ মুখি
এভাবেই আল্লাহর কবুল চাওয়া

মাগো তুমি কাঁদছো কেন একলা বাড়িতে-২

কথা - মিরাজুল ইসলাম রিফাত

সুর - কামরুল হাসান কল্লোল

মাগো তুমি কাঁদছো কেন একলা বাড়িতে
তোমার আমার দেখা হবে, জান্নাতের সিঁড়িতে, মা
মাগো তুমি কাঁদছো কেন একলা বাড়িতে।

তুমি তো মা শিখিয়েছিলে শহীদরা মরেনা,
তাই হয়েছি শহীদ মাগো অভিমান করো না!
মা অভিমান করো না-
জিহাদ থেকে পারি কি মা
এমনি আর ফিরিতে মা

তোমার ছেলে মিসে আছে মিছিলে মিছিলে,
খুজে নিয়ো তারে তুমি শহীদি সেই কাতারে,
মা শহীদি সেই দলে,
তোমার ছেলে মিশে আছে মিছিলে মিছিলে!
খুজে নিয়ো তারে তুমি শহীদি সেই দলে,
মা শহীদি সেই দলে!
ঝাপসা চোঁখে দেখে নিয়ো আমায় সেই সারিতে,
মাগো তুমি কাঁদছো কেন একলা বাড়িতে
তোমার আমার দেখা হবে জান্নাতের সিঁড়িতে

ভিতর আর বাহিরে এক হও মন

কথা ও সুর - আব্দুস শাকুর তুহিন
শিল্পী - আশরাফুল ইসলাম

ভিতর আর বাহিরে এক হও মন
নিজের মাঝে নিজে হয় না দুজন
বাইরে যতটা সাদা
ভিতরে তা না হলে ব্যর্থ জীবন।।

দিনের আলোয় তুমি হও না যে পথের যাত্রী
বলনা কেমন করে হাটো সেই পথ ধরে
নাম্‌ লে আঁধার ঘন রাত্রি।
মানুষের কাছে ভালো থেকে কি লাভ বলো
মানুষের চোখে ভালো হয়ে কি লাভ বলো
যদি হও আল্লাহর বিরাগ ভাজন। ঐ

কথারও মালা যত হোক না সুন্দার উজ্জ্বল
তোমার জীবন নদী কথায় না বয় যদি
পাবে কি বল তার প্রতিফল ?
বাহ্যিক সততায় লাভ টা কি বল হয়,
যদি হও আল্লাহর বিরাগ ভাজন। ঐ

পালারে পালা জলদি পালা

কথা ও সুর - আইনুদ্দিন আল আজাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

পালারে পালা জলদি পালা

নইলে তোদের গলে ঝুলবে তালা

হকই আসছে বাতিলতো কাঁপছে

ছিনিয়ে নেবে ওরা জয়ের মালা ।।

ইতিহাস থেকে যারা শিক্ষা নেয়না

ওদের কপালে এমনি হয়

পরের কথায় শুধু করে নাচানাচি

মেসেওয়াক দেখে পায় কামানের ভয়

ওদের ঐ ঘাঁটিতে তাকবির ধ্বনিতে

সাংজ্ঞ করে দে ওদের খেলা ।

বিশ্ব বাটপার আর যত লম্পট

ওদের স্বপ্নে বিভর যারা

উলংগ পোনায় পশুর হালতে

নিশিদিন রয়েছে পাতাল যারা

এখনো তোদের পিছে দরজা খোলা আছে

পয়তা ধুতি নিয়ে জলদি পালা ।

মাগো আমায় দাও পরিয়ে যুদ্ধে যাবার সাজ

শিল্পী - সাইমুম শিল্পী গোষ্ঠী

মাগো আমায় দাও পরিয়ে যুদ্ধে যাবার সাজ,
বন্ধুরা যে চেয়ে আছে আমার পানে আজ।।

ফিলিস্তিনের অবুঝ শিশু তারাও ছিল বাড়ি,
আজকে কেন পথের পাশে মুখটা তাদের ভারি।
কার কারনে দুঃস্বপ্ন যে তার কোন সে জুলুম বাজ।
বন্ধুরা যে চেয়ে আছে আমার পানে আজ।

আফগানিদের দুষ্ট খোকন মিষ্টি হাসি ভুলে,
আজকে কেন বই ছেড়ে সব অস্ত্র নিল তুলে।
কাশ্মীরদের আজকে কেন লড়াই শুধু কাজ,
বন্ধুরা যে চেয়ে আছে আমার পানে আজ।

আজকে লড়াই সব শিশুদের বাচতে দেবার তরে,
ভড়িয়ে দিতে হাসি দিয়ে সবার ঘরে ঘরে।
আমরা হব বন্ধু সবার স্বর্ণ ঈগলবাজ,
বন্ধুরা যে চেয়ে আছে আমার পানে।

আমাদের প্রভু এক, এক নবীর উম্মত।

কথা ও সুর - আব্দুস সালাম

শিল্পী - নওশাদ মাহফুজ

আমাদের প্রভু এক, (আমরা) এক নবীর উম্মত।

জীবন বিধান এক, ঐশী বাণী কুরআন।

তবে কেনো এক নও, হে মুসলমান

এক হও এক হও, করি আহবান।

বাইতুল্লাহ এক, মদীনা শরীফ এক।

উহুদ পাহাড় এক, বদরের মাঠ এক।

একটাতো জীবন আর, মরণতো একবার।

সকলের তরে আছে, একি স্থান

তবে কেনো এক নও।

হাশরের মাঠ এক, মিজানের মাপ এক।

লাওহে মাহফুজ এক, পুলসিরাতো এক।

একটাতো চাঁদ আর, একটাই সূর্য

ধরাতে নিয়ম মেনে, আলো করে দান

তবে কেনো এক নও।ঐ

মুসলিম আমি সংগ্রামী আমি

কথা ও সুর-কবি মতিউর রহমান মল্লিক
শিল্পী - শিহাবুদ্দিন শিহাব

মুসলীম আমি সংগ্রামী আমি
আমি চির রণবীর
আল্লাহকে ছাড়া কাউকে মানিনা
নারায়ে তাকবীর।

বিপ্লবী আমি চির সৈনিক
চির দূর্যয় চির নির্ভিক
আল-কোরানের শমশির আমি
কুটি কুটি করি রাতের ভীড়
নারায়ে তাকবীর।

কে সে কহে আমি
ভেসে গেছি আজ
মিথ্যার সয়লাবে
শক্তি আমার দেখিও আবার
বাজবে দামামা যবে

আল্লার আমি শক্তি অসীম
আলী হায়দার ইবনে কাসিম
সারা দুনিয়ার সারদার আমি
চির উন্নত উচ্চ শির
নারায়ে তাকবীর

মুসলীম জাগে কারবালা শেষে
কঠিন শপথ করে
লাখো শহীদের কলিজার দামে
নতুন পৃথিবী গড়ে
সেই মুসলীম চির উদ্যম
তাই তো বজ্র শপথ নিলাম
আল্লার রাজ গড়ব এবার
চির শান্তির সুখের নীড়
নারায়ে তাকবীর।

আগের মত শান্তি তো আর

কথা ও সুর - আনিস আনসারী
শিল্পী - দাবানল শিল্পী গোষ্ঠী

আগের মত শান্তি তো আর

এখন পাওয়া যায় না,
মানুষ সব পাল্টে গেছে
পাল্টেনি তো জামানা,
মানুষ সব পাল্টে গেছে
জামানা ঠিকই আছে॥

চুল গুলো খাটো খাটো

শার্ট প্যান্ট

আটো সাঁটো,

সানগ্লাস চোখে তার
যেন কোন জমিদার,
বুট জুতা পায়ে দিয়ে
কাধে এক ব্যাগ নিয়ে,
ঠোঁটে দেয় লিপস্টিক
হাসে শুধু ফিক্ ফিক্,
ওদিকে গেল দুচোখ
মনে হলো ভদ্রলোক,
কাছে গিয়ে দেখি হয়
পুরুষ মানুষ না,

মাশাল্লা দাড়াইয়া আছেন

মিছ জরিণা আপা।ঐ

লম্বা লম্বা আছে চুল
কানে দেওয়া আছে দুল,
হাতেতে সোনার চুড়ি
চিকন ফিতার ঘড়ি,
পান্জাবি গায়ে দিয়ে
হাত আছে মোড়ানো,
লম্বা ওড়নাটা কাঁধে আছে ঝোলানো,
হেঁটে চলে আঁকা বাঁকা
যেন কোন নায়িকা,
কাছে গিয়া দেখি হয়!
মাইয়া মানুষ না,
এইডা হল আমগো পাড়ার
মিষ্টার সোহেল রানা। ঐ

মোটা বই আছে হাতে
কলমটা আছে সাথে,
সাদা সার্ট গায়ে দিয়ে
সু-জোড়া পায়ে দিয়ে,
জিন্সের পড়েছে প্যান্ট
মনে হয় স্টুডেন্ট,
পরনে আছে যে বেল্ট
গায়ে মাখে দামী সেন্ট,
যায় বন্ধুর আড্ডায়
ছিনতায় করে রাস্তায়,

নেশা করে ফেলি গেলে
আট মাস থাকে জেলে,
অবশেষে মনে হল
এইডা কোন ছাত্র না,
এইডা হলো আমগো পাড়ার
টোকাই বাবুল কানা॥ ঐ

বিপ্লব মানে জীবন দেয়া বসে থাকা নয়

কথা ও সুর - আইনুদ্দিন আল আজাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

বিপ্লব মানে জীবন দেয়া
বসে থাকা নয়
সে কোনো দিন আসবে না
করো যদি ভয়
আসবে বিজয় রক্ত আর
জীবনের বিনিময়।।

লড়াইয়ের ঐ ময়দানেতে যেতে
তোমাকে হবে
প্রয়োজনে সব রক্ত টুকু
জমিনেই ঢেলে দেবে
ওদের করতে নাস্তানাবুদ
হতে হবে নির্ভয়।।

কোথা থেকে কোন ভীনদেশী
শকুন আমার দেশে এসে
সেবার নামে বসলো জুড়ে
মীর জাফরের বেশে
প্রতারনার ঐ ফাদে পড়ে মোরা
জীবন করেছি খয়।ঐ

স্বাধীনতা চাইনি আমি এই স্বাধীনতা

কথা ও সুর - আইনুদ্দিন আল আজাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

স্বাধীনতা চাইনি আমি এই স্বাধীনতা
স্বাধীনতা পাইনি আমি সেই স্বাধীনতা
যাহা পেয়েছি তাহা চাইনি আমি
চেয়েছি যাহা পাইনি
তাইতো আমি বিদ্রোহী আর
কথাগুলো বে-আইনী।
আজ স্বাধীনতা যেন দুর্নীতিবাজের
সিদ্ধহস্ত কলম,
স্বাধীনতা মানে হরতাল ডেকে
রাজপথ রাখা গরম।
এদিকে দ্রব্যমূল্যে আগুন
মুখে যায়না ভাত
সারের লাগি কৃষক মরে
অনাহারে কাটে রাত।
ঐ কৃষকের চোখে করুণ চাহনি
দেখিতে আমি চাইনি।
তাইতো আমি বিদ্রোহী আর
কথাগুলো বে-আইনী।

আজ স্বাধীনতা যেন মামার হাতের
পান্তাভাত আর মোয়া
স্বাধীনতা মানে শহীদ মিনারে
ফুলের মোহড়া দেয়া।

আজ স্বাধীনতা মানে রাজনীতি নামে
আকাশচুম্বী বাড়ী
স্বাধীনতা মানে শূঙ্ক ছাড়াই
বিলাস বহুল গাড়ি।
ফুটপাতে আজ রাত্রি কাটায়
অসহায় শিশু নারী
মানুষ কুকুরে খাদ্য নিয়ে
করিছে কাড়াকাড়ি।

হাজারও ব্যাথা বেদনার পরে

কথা ও সুর - নিয়াজ মাখদুম

শিল্পী - নওশাদ মাহফুজ

ফিরে আসনি তুমি আপন ঘরে
দ্বীনের আলো তুমি ছড়িয়ে দিতে
চলে গেলে মদীনায় মক্কা ছেড়ে
হে রাসূল. . . .
তোমাকে ভুলি আমি কেমন করে ।

খেয়ে না খেয়ে দ্বীন প্রচারের কাজে
নিজেকে দিয়েছো বিলিয়ে
তায়েফের কাফেরেরা চিনলো না এ আলো
দুষ্ট ছেলেদের পিছু দিল লেলিয়ে
পাথরের আঘাতে ক্ষতবিক্ষত হয়ে
সারা শরীর থেকে রক্ত ঝরে, হে রাসূল. . . .
তোমাকে ভুলি আমি কেমন করে ।

হেরার গুহায় তোমারই ধ্যান
আসমান থেকে নামে আল-কোরআন
ভাঙ্গল সবার ভুল তোমারই পরে
আসলো কোরআনের ছায়াতলে
খালিদ উমর আলী আবু বকর
ইসলামী ঝান্ডা নিল যে তুলে ।

আল-আমিন তুমি ছিলে যে সদা
সকল মানুষের তরে
হে রাসূল. . . .
তোমাকে ভুলি আমি কেমন করে ।

সমাধান চাও যদি জীবনে মরণে

কথা ও সুর - আইনুদ্দিন আল আজাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

সমাধান চাও যদি জীবনে মরণে
ফিরে যাও খুজে নাও চোখ রাখো কোরআনে।।
তবেই পাবে সুখ শান্তির ঠিকানা
যদি মেনে নাও তুমি মনে প্রাণে।

এতো চির অম্লান চির মুক্তির ডাক
এ যে মহাবাণী খোদায়ী কালামে পাক,
এই দুনিয়া আর সেই দুনিয়া মুক্তি পাবে
তুমি দো-জাহানে।

এ বাণী সকলের নয় শুধু মুমিনের
যারাই চলবে মেনে ফল পাবে কোরআনের,
ঘরে বলো কি বা রাষ্ট্রে বলো
অশান্তি দূর করে শান্তি আনে।

যাহার পরশ পেয়ে পাথর হলো সোনা
সন্দেহ ভুল নেই যার একটিও কণা,
এ যে এক বিপ্লব পিছে ফেলে যতো সব
এগিয়ে চলে সে অগ্রপানে।

আসবেই মহাকাল, রুখতে হবে দাজ্জাল

কথা ও সুর - সাঈদ আহমাদ

ঐ মাহাদির সৈন্যরা গর্জে ওঠে
শহিদি তামান্না বুকে নিয়ে
সুফিয়ানা মতবাদ রুখতে হলে
এখন থেকে থাকো তৈরি হয়ে।
আসবেই মহাকাল, রুখতে হবে দাজ্জাল।

যার একহাতে থাকবে জান্নাত
একহাতে থাকবে জাহান্নাম
মানুষকে বলবে ডেকে ডেকে
আমিই তো তোমাদের খোদা মহান
যার দিলে থাকবে ঈমান
হবে না তো সে বেঈমান
মুমিন বলবে ডেকে, ঈমান নিয়ে বুকে, নিশ্চিত তুই দাজ্জাল
আসবেই মহাকাল, রুখতে হবে দাজ্জাল।

আজ বিশ্বের চারিদিকে
মুমিন মরছে ধুকে
একটু কি দিলে দয়া হয় না
ওরে কাপুরুষ ঘরে বসে
ভাবছো হিসাব কশে
এখনো তো সময় হলো না।

মুমিনরা হয়ে যাবে মাজলুম
গাজওয়ায়ে হিন্দ ভাঙ্গাবে ঘুম
পদে পদে আসবে মসিবত
চারিদিকে পড়বে পাপের ধুম
মুর্খরা গড়বে সমাজ
উঠে যাবে এলেম ও লাজ
আসছে কেয়ামত রুখতে মসিবত
হাকছে আজান বেলাল
আসবেই মহাকাল, রুখতে হবে দাজ্জাল।

সত্যের পক্ষে গান গাই বলে আমি বিদ্রোহী

কথা ও সুর - আইনুদ্দিন আল আজাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

সত্যের পক্ষে গান গাই বলে আমি বিদ্রোহী,
সত্যের পথে ডাকি বলে আমি বিপ্লবী।
কোরআনের কথা বলি তাই
বলে আমাকে মৌলবাদী,
জিহাদের কথা বলি তাই
বলে আমাকে জঙ্গিবাদী।
আমি বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী?

জন্মের পরে কানে আজান কি দেয়নি?
তুমি মৌলবাদী ছাড়া হওনি।
তবে মরণের পরে জানাযা পড়াবে,
তখন কোথায় পালিয়ে যাবি?।ঐ

হারাম হালাল কেন চিননা?
সত্যের পথে কেন চলনা?
তবে দাঁড়ি-টুপি দেখলে ওদের,
মাথায় আগুন ধরে বুঝি
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী আমি জঙ্গিবাদী
তবে পর্দার কথা যদি বলি,
তখন বলে ফতোয়াবাজি।
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী আমি জঙ্গিবাদী
রাজপথে করলে আন্দোলন,

চালায় আমাদের নিপীড়ন।
তবে কোরআনি শাসনের কথা যদি বলি,
তখন বলে উগ্রবাদী।
আমি বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী?

কি মনে করে ওই হনুমান,
দাঁড়ি-টুপি দেখলেই তালেবান।
তবে সিংহের চেয়ে বেশি ভয় পাই,
মাথায় পাগড়ি দেখেও যদি।
আমি বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী আমি জঙ্গিবাদী। ঐ

ইঞ্চি ইঞ্চি মাটি সোনার চাইতে খাটি

কথা ও সুর - মুহিব খান

শিল্পী - মুহিব খান

ইঞ্চি ইঞ্চি মাটি সোনার চাইতে খাটি নগদ রক্ত দিয়ে কেনা
শত্রু বা হানাদার একটি কনাও তার কেড়ে নিতে কেউ পারবে না।
ইঞ্চি ইঞ্চি মাটি সোনার চাইতে খাটি নগদ রক্ত দিয়ে কেনা,
কসম সেই খোদার একটি কনাও তার কেড়ে নিতে কেউ পারবে না।
রঙ্গের তুলিতে আঁকা সবুজের ছায়া ঢাকা সুজলা সুফলা পরিপাটি
লক্ষ শহীদ গাজী রেখেছে জীবন বাজী করেছে স্বাধীন এই মাটি।

বাংলাদেশ আমার বাংলাদেশ তোমার বাংলাদেশ সবার প্রাণ
ধন্য ধন্য আমি সবার চাইতে দামী বাংলা মাটির সন্তান।
বাংলাদেশ আমার বাংলাদেশ তোমার বাংলাদেশ খোদার দান
সোনার জন্মভূমি তোমার জন্য আমি জীবন দিয়েছি কোরবান।

চারোদিকে দুশমন ভেঙ্গোনা ভেঙ্গোনা মন সাহস জমিয়ে রাখ বুক,
ঈমান জিন্দা করে জিহাদের হুংকারে পরাজিত করো শত্রুকে
চারিদিকে গাদ্দার ভিনদেশী রাজাকার সজাগ দৃষ্টি রাখ সবে
সকল মীরজাফর বিদেশী গোলামচর রুখতে তাদের আজ হবে।
বাংলাদেশ আমার বাংলাদেশ তোমার বাংলাদেশ সবার প্রাণ
ধন্য ধন্য আমি সবার চাইতে দামী বাংলা মাটির সন্তান।ঐ

শান্ত মাটির নিচে এখনো ঘুমিয়ে আছে ৩৬০ আউলিয়া
সোহরাওয়ার্দী শেরে বাংলা ভাসানী আসে মুজিব ওসমানী ও জিয়া
শহীদ তিতুর দেশে মুক্ত স্বাধীন বেশে সবুজ লাল পতাকা উড়ে

সময়ে ঝড়ের বেগে চেতনা উঠবে জেগে পনের কোটি অন্তরে।
বাংলাদেশ আমার বাংলাদেশ তোমার বাংলাদেশ অম্লান
বুকের রক্ত ঢেলে রেখেছি সবাই মিলে মাতৃভাষার সম্মান
বাংলাদেশ আমার বাংলাদেশ তোমার বাংলাদেশ চিরমহান
এ মাটির বুক হতে বাজবে সারা জগতে বিশ্ব মানবতার গান।

অনেক দামের দেশ রক্ত ঘামের দেশ মায়ার বাধন বড় বেশী
হিন্দু মুসলমান বৌদ্ধ বা খ্রিষ্টান সকলেই তো বাংলাদেশী
কেন তবে সংঘাত কেন কিসের বিবাদ ভাইয়ে ভাইয়ে রাখ হাত হাতে
সমরে বক্ষপাতি হয়েছি শ্রেষ্ঠ জাতী নজির দেখাও দুনিয়াতে।

আবার যুদ্ধ হবে, আবার যুদ্ধ হবে

কথা, সুর ওশিল্পী – কবি মুহিব খান

যদি আমার দেশের সীমানা বন্ধু মুছে দিতে কেউ চায়,
যদি আমার মাটির ধন-সম্পদ লুটে নিতে কেউ চায়,
যদি আমার সাগরে আমার পাহাড়ে ভেড়ায় লোভের চোখ,
আমি প্রতিবাদে জ্বলে উঠবোই তবে যা হবার তাই হোক,
এই শান্ত সবুজ পতাকায় যদি পড়ে শকুনের থাবা,
এই সুপ্ত বারুদ জাতি নিয়ে ফের খেলে যদি কেউ দাবা,
কোটি মানুষের প্রাণের কুটিরে আগ্রাসনের হাত যদি কেউ বাড়ায় তবে
আবার যুদ্ধ হবে... আবার যুদ্ধ হবে...
আবার যুদ্ধ হবে... আবার যুদ্ধ হবে... (২)

যদি ষড়যন্ত্রের জাল ফেলে কেউ আমার দেশকে ঘিরে,
রেসকোর্সের তপ্ত ভাষণ আবার আসবে ফিরে।
দুশমন যদি খর্গ চালায় নকল বন্ধু সেজে,
কালুরঘাটের দৃপ্ত ঘোষণা আবার উঠবে বেজে।
সেই স্বাধীন বাংলা বেতারকেন্দ্র আবার গর্জে উঠবে।
আর বাংলা মাটির সূর্যসেনারা রাইফেল হাতে ছুটবে।
হোক নমস কিংবা নভোচর,
জাতি জীবন মরণ লড়াই করে মুক্ত হবে।

যদি ইটপাথরের দুর্গ দেয়াল ভেঙ্গে ভেঙ্গে যায় পড়ে
শহীদ তিতুর বাঁশের কেপ্লা আবার তুলবো গড়ে
যদি রক্তের নদী পেরিয়ে আবার নতুন রক্ত ঝরে,

সেই ভাঙ্গা কেল্লায় উড়াবো নিশাণ আবার নতুন করে।
এই মুসলমানের অভয়ারন্যে কাউকে দিবোনা ঢুকতে,
মোরা পাথরের নয় পাজরের বাঁধ গড়বো তাদের রুখতে
কোন তাবেদার কোন গাদ্দার যদি
মীর জাফরের সেই কালোপথ মাড়ায় তবে। ঐ

মোরা পৃথিবীর কোন পরাশক্তির মানিনা খবরদারী
কোন শৃঙ্খল, কোন অবরোধ, কোন হুমকি বা হুশিয়ারী
এই পৃথিবীর বুকে বন্ধু সবাই, প্রভু নয় কেউ কারো
দখল শোষণ উৎপীড়নের সব পাঁয়তারা ছাড়ো
মোদের ইতিহাস আছে সম্মান আছে, না থাক বস্ত্র অন্ন
এই দেশের জন্য লড়েছি আমরা, মরেছি ভাষার জন্য
যদি জলস্থল কিবা অন্তরিক্ষে কেউ
আমাদের বাঁধার শিকল পড়ায় তবে।

পশ্চিমাদের চোখ পড়েছে

শিল্পী - গুয়াইব আহমাদ আশ্রাফী

পশ্চিমাদের চোখ পড়েছে ক্বাবা ঘরের প্রান্তরে ,
ব্রিটিশ দালাল দল বেঁধেছে ধ্বংস করতে চায় কারে?
এটা আল্লাহ পাকের ঘর
তোর সাহস থাকল ধর
দু' জাহানের মালিক তিনি পবিত্র ক্বাবার।
ঐ আরবের দ্বীন বাঁচাতে সত্য ন্যায়ের মুক্তি চাই,
মুহাম্মদের বাহীনি আজ আসলে তোদের রক্ষা নাই।।

একটু দাঁড়াও জেগে উঠো ওরে মুসলমান
আর কতদিন দ্বীন ইসলামের সহিবে অপমান?
রক্ত দিয়ে পবিত্র এই মক্কা মদিনা,,
সেই জমিনে সিনেমা হল চলতে পারেনা।
ঐ দূর মক্কার ইসলাম তার থাকলো কি আর দাম?
বন্দিশালায় থাকে যদি ক্বাবার ইমাম।। ঐ

কোন গোলামের পক্ষে এত সাহস আসলো নেমে?
কোন মুনাফিক পড়লো আবার ভীনদেশীদের প্রেমে?
কার ইশারায় লাঞ্চিত আজ দূর আরবের নারী?
কার বলেতে চামচিকারা করছে বাহাদুরী?
যদি মুক্তি পেতে চাও তবে অস্ত্র হাতে নাও
চামচিকাদের আরব থেকে জলদি হটাও।। ঐ

কি হবে বেচে থেকে

কথা, সুর ওশিল্পী-আইনুদ্দিন আল আজাদ

কি হবে বেচে থেকে অযথা বিদ্যা শিখে,
যদি না গড়তে পারি শোষণবিহীন সমাজটাকে
কি হবে বেচে থেকে, কি হবে বেচে থেকে ?

কি হবে ছাত্র সেজে চুমু খেয়ে সনদ খানা
যদি হয় বিদ্যালয়টা পতিতাদের আড্ডাখানা
এর চেয়ে মরাই ভালো- দেশ ছেড়ে যাওয়াই ভালো।।
কি হবে ধোকা দিয়ে বিবেক টাকে।। ঐ

কি হবে যুবক নামে বোঝা হয়ে এই ধারাতে
যেখানে মা-বোনেরা ধর্ষিতা হয় দিনে-রাতে।।
যৌবনের সারদপাতা বুঝবে সকল ব্যাথা
পারো যদি বলি দিতে মানুষরূপী পশুটাকে।। ঐ

কি হবে লেখা লেখি কলম বাজির এই মহড়া
সমাজের আসল চিত্র যদি না যায় তুলে ধরা।।
যদি ঐ ঘুষের বলে কলমটা উল্টো চলে
তবে কি যাবে রুখা দুর্নীতিকে।। ঐ

কি হবে নামাজ-রোজা ইমানদারীর বড়াই করে
যদি ঐ খোদার কোরআন দরজানামাতে থাকে পড়ে।।
মসজিদের কোনে বসে জিকিরি শুধু করে কষে

মসজিদের কোনে বসে দোয়া শুধু করে কষে
এভাবে যায়না পাওয়া আল্লাহকে।। ঐ

কি হবে পুরুষ হয়ে জন্ম নিয়ে এই দেশেতে
যদি যায় ক্ষমতাটা বারে বারে নারীর হাতে
কি হবে পুরুষ হয়ে জন্ম নিয়ে এই দেশেতে
যদি যায় ক্ষমতাটা ঘুরে ফিরে নারীর হাতে
কিবা জবাব দিবে-- কিভাবে মুখ দেখাবে।।
আমাদের আগামীর সেই প্রজন্মকে।ঐ

কি হবে কিতাবাদীর তালীম দিয়ে মাদ্রাসাতে
যদি সেই কোরআন হাদীস নিষিদ্ধ হয় আদালতে
কাফনের কাপড় মাথায়-- ময়দানে আয় ছুটে আয়।।
বিলি দে না এই জীবনটাকে।

কি হবে বেচে থেকে অযথা বিদ্যা শিখে,
যদি না গড়তে পারি শোষণবিহীন সমাজটাকে
কি হবে বেচে থেকে.....???

রাসুল এসেছে রাসুল এসেছে

কথা ও সুর - আবুল সরকার

আকাশের তারাগুলি ঝিলমিল ঝিলমিলি জ্বলছে
ডালে ডালে ফুলগুলি সৌরভে দুলছে
রাসুল এসেছে রাসুল এসেছে।

আরব দেশে কাবার পাশে মানবের সেরা মানব এসেছে
মা আমেনার কোলে চন্দ্র দোলে পাখিরা সুরে সুরে গান ধরেছে
হাবিব এসেছে হাবিব এসেছে ॥

ধন্য ধন্য হয়েছে ধন্য নবীকে যে ভালবেসেছে
দোষখ হারাম আরাম আরাম জান্নাতে তার নাম লিখেছে
প্রেম হরষে প্রেম হরষে ॥

নবীর কদমে লুটিয়ে চুমে নবীর প্রেমে যে মজেছে
দোস্তু খোদার নবীজি আমার আবুল সরকার দেখেছে হাদিসে ॥

রাসুল এসেছে রাসুল এসেছে।
হাবিব এসেছে হাবিব এসেছে ॥

আমি চাঁদকে বলি তুমি সুন্দর নও

কথা - কবির আল মামুন

সুর - মাহফুজ মামুন

আমি চাঁদকে বলি তুমি সুন্দর নও

আমার মায়ের মত

গোলাপকে বলি তুমি মিষ্টি নও

আমার মায়ের মত

মা যে আমার সবার সেরা

অনন্ত কাল অবিরত।।ঐ

হীরা নাকি শুনি সবচে দামি

সারাক্ষণ করে ঝলমল

তাহার চেয়ে অধিক দামি

আমার মায়ের আঁচল

মাকে ছেড়ে চাই না আমি

হিরা মানিক কত শত।।ঐ

মা যে হলো প্রেম মমতায়

বিধাতার সেরা উপমা

হয় না কভু মায়ের সাথে

অন্য কারো তুলনা

মার পরশে যায় যে মুছে

ব্যথাও বেদনা যত।।ঐ

নামাজকে বলো না কাজ আছে

কথা ও সুর - শাহিদুল ইসলাম
শিল্পী - জাহিদুল্লাহ যামী

নামাজকে বলো না কাজ আছ
কাজকে বলো আমার নামাজ আছে।।
নামাজ বিহীন পরপারে
কি জবাব দিবে তুমি প্রভুর কাছে।। ঐ

ফজর কাটে ঘুমের ঘরে
জোহর কাজে কাজে,
আসর কাটে খেলায় ধুলায়
মাগরীব মাঝে মাঝে।।
ঈশার সময় হয়ে এলে
থাকো মিছে দুনিয়ার পিছে।।

প্রভুর হুকুম মানোরে ভাই
থাকো তুমি যেথায়
সময় গেলে পাবেনা ফিরে
মরন তোমায় লইবে ঘিরে।।
জেনে রেখো মরন তোমার অতি কাছে। ঐ।

ভবের এই রঙ্গ খেলা সাজ য়েদিন হবে ভাই

কথা, সুর ও শিল্পী – সাদ্দাদ আহমাদ

ভবের এই রঙ্গ খেলা সাজ য়েদিন হবে ভাই
একাকি রইবি পরে বন্ধু কেহ নাই।।

মরণের পরে তোমার কবর দেশে হবে ঠাই
মাটির ঘরে মাটির উপরে
অন্ধকার কবর ছাড়া
সেখানে অন্য কেউ আর নাই।
মাটি চাপা দিয়ে হায়রে একে একে সব বিদায়।
একাকি রইবি পরে বন্ধু কেহ নাই।। ঐ

জীবনের যত কামাই
পরে রবে সব কিছু এ পার
পরকালে কেবল তোমার
নেক আমল গণ্য হবে
এ ছাড়া সব কিছু বেকার
খালি হাতে গেলে সেথায়
হবে সেদিন কি উপায় ?
একাকি রইবি পরে বন্ধু কেহ নাই ।।

এই সেই ঘর এই সেই খাট

শিল্পী - মনির খান

এই সেই ঘর, এই সেই খাট
বিছানার পাশে আছে পানের বাটা
চশমাটা পড়ে আছে পাশেই
শুধু মা নেই, শুধু মা নেই।

দরজাটা খুলতেই খেয়ে যাই ধোঁকা
মা বুঝি বলছেই এলি নাকি খোকা
বুকের ভেতরটা নড়ে চড়ে ওঠে
চোখ বেয়ে জল নেমে আসে
শুধু মা নেই, শুধু মা নেই।

জানি ফিরে পাব না হারানো তিথি
মা শুধু আজ তাই ফ্রেমে বাধা স্মৃতি
মায়ের ছবি ঐ ফ্রেমে বাঁধানো
আমার দিকেই চেয়ে আছে
শুধু মা নেই, শুধু মা নেই। ঐ

এই সেই ঘর, এই সেই খাট
বিছানার পাশে আছে পানের বাটা
চশমাটা পড়ে আছে পাশেই
শুধু মা নেই, শুধু মা নেই। ঐ

রোজ বিহানে একটা পাখি

কথা - গোলাম মোহাম্মাদ
সুর ও শিল্পী - মশিউর রহমান

রোজ বিহানে একটা পাখি আল্লাহ আল্লাহ ডাকে
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে

দিকে দিকে সে সুর তোলে সাড়া
ঘুম ভেঙ্গে যায় সে সুর শুনে জাগে ঘুমের পাড়া
রঙ্গিন আলো ছড়িয়ে পরে তখন সাথে সাথে

ফুলে ফুলে রঙ্গিন রেণু উড়ে
মৌমাছির তখন শুধু ঘোরে
গুনগুনিয়ে তখন সে যে গাইতে শুধু থাকে।

ভোরের বাতাস পাতায় পাতায় নাচে
পাপড়ি ঝরে ঘাস ফুলেদের কাছে
রোজ বিহানে একটা পাখি আল্লাহ আল্লাহ ডাকে
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে

তোমার সৃষ্টি যদি হয় এত সুন্দর

কথা ও সুর -মতিউর রাহমান মল্লিক
শিল্পী - মশিউর রহমান

তোমার সৃষ্টি যদি হয় এত সুন্দর,
না জানি, তাহলে তুমি,
কত সুন্দর! কত সুন্দর!

সেই কথা ভেবে ভেবে
সেই কথা ভেবে ভেবে
কেটে যায় লগ্ন,
ভরে যায় তৃষিত এ অন্তর।

যে পাখি পালিয়ে গেল সুদূরে
যে নদী হারিয়ে গেল তেপান্তরে
যে পাখি পালিয়ে গেল সুদূরে
যে নদী হারিয়ে গেল তেপান্তরে
সেই পাখি, সেই নদী,
যদি এত সুন্দর।

যে তারা ছড়ায় হাসি, আকাশে
যে ফুল সুরভি ঢালে, বাতাসে
সেই তারা, সেই ফুল,
যদি এত সুন্দর !
না জানি, তাহলে তুমি,
কত সুন্দর! কত সুন্দর!

যে মানুষ মানুষের বেদনায়,
কেঁদেছিল আজীবন মদিনায় !
যে মানুষ মানুষের বেদনায়,
কেঁদেছিল আজীবন মদিনায় !

সে মানুষ, সে মানুষ,
যদি এত সুন্দর।

তোমার নামে মধুর গানে

কথা - শরিফ আব্দুল গোফরান

শিল্পী - নওশাদ মাহফুজ

তোমার নামে মধুর গানে, হৃদয় ভরে যায়।
তোমাকে পড়েগো মনে ভোরের ও হাওয়ায়।।

আযানে আযানে কাঁপে, সুরেরও মিনার।
এমনও মধুর যেন পাইনা কিনার...
তোমার নামের সিফাত
মনটা নাড়ায়। ঐ

বাগানে বাগানে ফোটে কত শত ফুল,
বয়ে চলে একা নদী শূন্য দু' কুল
এমনও মধুরও শুধা তুমি দিলে হায়।

আমায় দিওগো প্রভু, জান্নাতেরও ফুল।
দিশা দিও কেমনে যে পার হব দু' কুল।
তোমার মহিমা দাওগো ঝরনা ধারায়।

তুমি আসমানে থাক প্রভু আমি জমিনে

কথা ও সুর - মাহমুদ ফায়সাল

শিল্পী - ওবাইদুল্লাহ তারেক

তুমি আসমানে থাক প্রভু আমি জমিনে
তবু তোমারি প্রেম জমে হৃদয় গহিনে ।
আমি তোমারি গোলাম ওগো অন্য কারো না ।
আলিমুল গায়েব তুমি মালিক রব্বানা
আল্লাহ্ আল্লাহ্ আল্লাহ্ আল্লাহ্ ।

তোমারি রহম ছাড়া বাঁচা বড় দায়,
প্রতি দিনে, প্রতি ক্ষণে, জড়িয়ে রাখো গো আমায় ।
কত শত ভুল মাফ করে দাও ।
জানা কি অজানা ।

কঠিন বিচারের দিনে থেকো গো পাশে,
পাপের ভারে নুয়ে গেছি মন তাই কেঁদে মরে ।
জান্নাতি ফুল দিয়েগো আমায়
আগুনে ফেলে দিয়োনা ।

আমি তোমারি গোলাম ওগো অন্য কারো না ।
আলিমুল গায়েব তুমি মালিক রব্বানা ।
আল্লাহ্ আল্লাহ্ আল্লাহ্ আল্লাহ্ ।

পৃথিবী আমার আসল ঠিকানা নয়

কথা ও সুর - মতিউর রাহমান মল্লিক
শিল্পী - শাহাবুদ্দিন শিহাব

পৃথিবী আমার আসল ঠিকানা নয়,
পৃথিবী আমার আসল ঠিকানা নয়।।
মরণ একদিন মুছে দেবে সকল রঙ্গিন পরিচয়...
পৃথিবী আমার আসল ঠিকানা নয়।
মিছে এই মানুষের বন্ধন,
মিছে মায়া স্নেহ প্রীতি ক্রন্দন।
মিছে এই জীবনের রংধনু সাত রং
মিছে এই দুদিনের অভিনয়।

পৃথিবী আমার আসল ঠিকানা নয়।
মরণ একদিন মুছে দেবে সকল রঙ্গিন পরিচয়...
পৃথিবী আমার আসল ঠিকানা নয়।
মিছে এই ক্ষমতার দন্দ,
মিছে গান কবিতার ছন্দ।
মিছে এই অভিনয় নাটকের মঞ্চে
মিছে এই জয় আর পরাজয়।

পৃথিবী আমার আসল ঠিকানা নয়।
মরণ একদিন মুছে দেবে সকল রঙ্গিন পরিচয়...
পৃথিবী আমার আসল ঠিকানা নয়।
মরণ একদিন মুছে দেবে সকল রঙ্গিন পরিচয়...
পৃথিবী আমার আসল ঠিকানা নয়।

ও মন রমজানের ঐ রোজার শেষে

শিল্পী - কাজী নজরুল ইসলাম

ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ
তুই আপনাকে আজ বিলিয়ে দে, শোন আসমানী তাগিদ।

তোর সোনা-দানা, বালাখানা সব রাহে লিল্লাহ
দে যাকাত, মুর্দা মুসলিমের আজ ভাঙাইতে নিন্দ
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ।

আজ পড়বি ঈদের নামাজ রে মন সেই সে ঈদগাহে,
যে ময়দানে সব গাজী মুসলিম হয়েছে শহীদ।
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ।

আজ ভুলে যা তোর দোস্ত-দুশমণ, হাত মেলাও হাতে,
তোর প্রেম দিয়ে কর বিশ্ব নিখিল ইসলামে মুরিদ।
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ।

যারা জীবন ভরে রাখছে রোজা, নিত্য উপবাসী
সেই গরিব ইয়াতীম মিসকিনে দে যা কিছু মুফিদ
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ
আপনাকে আজ বিলিয়ে দে শোন আসমানী তাগিদ।

ঢাল হৃদয়ের তশতরীতে শিরনি তৌহিদের,
তোর দাওয়াত কবুল করবেন হজরত হয় মনে উম্মীদ।
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ।

তোরে মারল' ছুঁড়ে জীবন জুড়ে ইট পাথর যারা
সেই পাথর দিয়ে তোলরে গড়ে প্রেমেরই মসজিদ।
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ
আপনাকে আজ বিলিয়ে দে শোন আসমানী তাগিদ।

রাসুল আমার ভালবাসা

কথা ও সুর - মতিউর রাহমান মল্লিক
শিল্পী - রোকনুজ্জামান রোকন

রাসুল আমার ভালবাসা

রাসুল আমার আলো আশা

রাসুল আমার প্রেম বিরহের মূল আলোচনা

রাসুল আমার কাজে কর্মে অনুপ্রেরণা ।।

যখন দারুন দুঃখ নামে আমার জীবন জুড়ে,

বিপদ-আপদ মসীবতে মরি পুড়ে-পুড়ে

তখন তোমার, শৈশব-কৈশর জুড়ায় যন্ত্রণা।

রাসুল আমার কাজে কর্মে অনুপ্রেরণা ।।

আশাহত জীবন যখন দুর্বিসহ লাগে,

ব্যর্থ এবং পরাজিত স্মৃতি গুলো জাগে,

তখন তোমার বদর-ওহুদ যুগায় সান্তনা

রাসুল আমার কাজে-কর্মে অনুপ্রেরণা ।।

রাসুল আমার ভালবাসা

রাসুল আমার আলো আশা

রাসুল আমার প্রেম বিরহের মূল আলোচনা

রাসুল আমার কাজে কর্মে অনুপ্রেরণা ।।

আল্লাহ আমার রব এই রবই আমার সব

কথা ও সুর - তোফাজ্জল হোসাইন খান

শিল্পী - সাইফুল্লাহ মানছুর

আল্লাহ আমার রব, এই রবই আমার সব
দমে দমে তনু মনে তারই অনুভব

তোমার দুনিয়াতে আমি যেকি তাকাই
অথই নিয়ামতে ডুবে আছি সবাই
পাক-পাখালির গানে শুনি তাসবি কলরব।

আকাশের সুনীলে ধরনীর সবুজে
অবুঝ এই হৃদয়ে আছো গো লুকিয়ে
তোমার মদদ পেলে আমি আর না কিছু চাই
তোমার প্রেমের অনল আমি কি দিয়ে নিভাই
যার হয়েছে তুমি, তার নেই যে পরাভব

কার লাগিয়া এতো মায়া

কথা,সুর,শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

রঙিন এই পৃথিবী ছাড়িতে হইবে,
সাধের এই দেহ মাটিতে খাইবে,
শূন্য হবে জিন্দেগানি।
কার লাগিয়া এতো মায়া
এত চোখের পানিরে মন।।

সন্ধ্যা হলে ডুবিলে বেলা
সাংগো হবে ভবেরি মেলা,
কেউবা দিবে আখেরী গোসল
কেউবা আনবে আতরদানী।

কার লাগিয়া এতো মায়া
এতো চোখের পানিরে মন!!

কত আশার ভাষা তোমার নিমিষেতেই হবে চুরমার,
কেউবা ডাকবে মা মা করে সাড়া তো দিবে না জননী।

কার লাগিয়া এতো মায়া
এতো চোখের পানিরে মন!!

আমি দেখিনি তোমায়

কথা - জাফর আহমাদ রবি

সুর - সাঈদ আহমাদ

আমি দেখিনি তোমায়, চোখের তারাই,
তবুও তোমায় ভালবেসেছি
মনের এই ক্যানভাসে, তোমার তোমার ছবি ভাসে,
তোমার প্রেমে যেন পড়েছি (ঐ)

উহুদের ময়দানে রক্ত ঝরালে, দিন কায়েমের জন্য,
পাথর বুক ফোটালে ফুল, মনুষ্য জাতি ছিলো শূন্য
শত জালাতন, সয়েছো তুমি, সেই কাহিনি শুনে কেদেছি
মনের এই ক্যানভাসে, তোমার তোমার ছবি ভাসে
তোমার প্রেমে যেন পড়েছি।

দারে দারে ঘুরে খোদার বাণী, পৌছে দিয়েছো দিন রাত
চিনলো না তোমাই তায়েফবাসী, করলো যে শুধু আঘাত
তোমার পায়ের পথের ধুলি, এই চোখে সুরমা দিয়েছি
মনের এই ক্যানভাসে, তোমার তোমার ছবি ভাসে,
তোমার প্রেমে যেন পড়েছি।

মনের এই ক্যানভাসে, তোমার তোমার ছবি ভাসে,
তোমার প্রেমের মালা গেথেছি
আমি দেখিনি তোমায়, চোখের তারাই,
তবুও তোমায় ভালবেসেছি।

শহীদে শহীদে জনপদ শেষ

কথা ও সুর - মতিউর রাহমান মল্লিক

কী অপরাধ হায় আমদের কর নির্দেশ।

শহীদে শহীদে জনপদ শেষ

লৌহতে লৌহতে ছেয়েছে এ দেশ।

তবুও কেন যে হে মেহেরবান ,

কোরআনের সেই সমাজ করনা দান।।

তাহলে কী মালেকের ক্ষুণ বিফলে বিপথে গিয়েছে রে,

সাব্বিরের মা অকারণে কলিজা বিলিয়ে দিয়েছে রে ।।

না না না না তা হতে পারে না ,

না না না না তা হতে পারে না ,

হতে পারে না ,

শহীদের প্রাণ চীর অম্লান, চীর অনিঃশেষ।।

শাহজামাল নাই , ইমরান ও নাই, জাহাঙ্গির, ইলিয়াস, খলিল ও
নাই।

ক্ষুণরাস্তা পথ চলতে তবু প্রেরণায় বেদনায় তাদের ই পাই।।

শয়নে , স্বপনে সেই স্মরণে সেই স্মরণে।

ব্যথাতুর মন ব্যথাতুর সূর রিক্ত পরিবেশ।

কী অপরাধ হায় আমদের কর নির্দেশ।

পৃথিবী না জানুক আমি তো জানি

কথা ও সুর- আসাদ বিন হাফিজ
শিল্পী - মশিউর রহমান

পৃথিবী না জানুক আমি তো জানি
আমি কি পাপ করেছি হয়,
আমার পাপের করলে বিচার
বাঁচার আমার নাই উপায়।
দয়াময় তুমি মাফ করো আমায়,
মাফ করো আমায়।"

জেনে না জেনে কত যে আমি
করেছি পাপ,
কতবার যে করেছি তাওবা
কতবার অনুতাপ।
দু' দিনে আমার সব ভুলে আমি
মজে গেছি দুনিয়ায়।

কবরের আজাব যে এত কঠিন

কথা ও সুর- আনিস আনসারি

কবরের আজাব যে এত কঠিন , সইতে আমি পারিবোনা ।
মৃত্যু যন্তুনা কত কঠিন, সইতে আমি পারিবোনা
ওগো দয়াময় ওগো রহিম চাইয়ে
তোমার শুধু করুনা ।

মসজিদের ঐ পালকি খানা,
আসবে দারে দারে সবার জানা,
বড়ই পাতার গরম পানি,
শেষ গোসল দিবে তাও জানা
গোসল শেষ ঐ সাদা কাফনে
চিরো বিদায় দিবে তাও জানা ।

মুনকার নাকির আসিবে পাশে
সোওয়াল করিবে পাশে বসে,
না পারিলে সোওয়াল জবাব
শুরু হবে কবরের আজাব
সব অপরাধ ক্ষমা করে
জান্নাত করে দিও ঠিকানা

মালিক, একটি ঘর বানিয়ে দিও

কথা ও সুর - আবুল আলা মাসুম

শিল্পী - মশিউর রহমান

মালিক, একটি ঘর বানিয়ে দিও ।

মালিক, তুমি জান্নাতে,

তোমার কাছে আমার একটি ঘর বানিয়ে দিও ।

সে বিভীষিকাময় মহা দিনে,

তোমার প্রতিবেশী করে নিও ।

যেদিন কেহ আসবে না কারো কোন কাজে

যেদিন পাপী, পাপের বোঝায় মরবে লাজে

পুলসিরাত পার হতে গিয়ে পিছলে যাবে কতো পথিক ।

আবার কেহ পুন্য নিয়ে পার হয়ে যাবে ঠিক ঠিক ।

সে মহাদিনে মহাক্ষনে পার করে তুমি দিও ।ঐ

তুমি দিও, হাউজে কাউসারের স্থান ।

দিও তুমি, শীতল আরশের নিচে সম্মান ।

প্রিয় রাসুলের, প্রিয় উম্মত, উতরে যাবে মহা বিচার ।

পরম আনন্দে, জান্নাতে সাজাবে নব সংসার ।

সে মহা আনন্দে, জান্নাতে, নবীর পাশে জায়গা দিও ।

মালিক, তুমি জান্নাতে,

তোমার কাছে আমার একটি ঘর বানিয়ে দিও ।

নিজেকে চেনার তুমি তওফিক দাও খোদা

কথা ও সুর - মতিউর রাহমান মল্লিক
শিল্পী - মশিউর রহমান

নিজেকে চেনার তুমি তওফিক দাও খোদা
তোমাকে চেনার তুমি তাওফিক দাও ।
আলোয় দ্বীপ্ত করো নয়ন আমার
ভোরের বিভায় ভর এ মন আমার ।
তবু অচেনার যত পর্দা সরাও ।

যে জানে না তোমাকে, সে জানে না কিছুই
জানেনা সে জীবনের অঁঠে মানে ।
যে মানে না তোমাকে, সে মানে না কিছুই
গভীর আঁধার তারে সতত টানে
বাসে না সে ভালো এই তামাম জাহান
কোন প্রাণ তার কাছে পায় না কো দাম
অভিশাপ দেয় তারে কালের ক্ষরা ।

সরল পথের দিশা, তুমি ছাড়া কেউ আর
দেখাতে পারেনা ওগো পথের মালিক ।
মনের ভ্রান্তি যত, তুমি ছাড়া কেউ আর
মোছাতে পারে না ওগো মহান খালিক ।

আমি কোরানের সুর মাঝে শুনেছি যে নাম

কথা ও সুর - আব্দুস সালাম

শিল্পী - ইমতিয়াজ আহমেদ

আমি কোরানের সুর মাঝে শুনেছি যে নাম

আজানের সুর মাঝেও শুনেছি সে নাম।

ও নাম শুনেছি আমি, আমার হৃদয়

হে রাসুল, নবীজি তোমায়

হে রাসুল, নবীজি তোমায়।

ও নামে এত জাদু, এত মধুময়

ও নাম নিয়েই ফুল সুরভী ছড়ায়,

ও নামের সুর তুলে শুধু আমি চাই

হে রাসুল, নবীজি তোমায়

হে রাসুল, নবীজি তোমায়।

আরশের বুকে লেখা ও মধুর নাম

তামাম মানবকুল জানায় সালাম,

ব্যথিত মানবতা খুঁজে ফেরে হায়

হে রাসুল, নবীজি তোমায়

হে রাসুল, নবীজি তোমায়।

আমি কোরানের সুর মাঝে শুনেছি যে নাম

আজানের সুর মাঝেও শুনেছি সে নাম।

ও নাম শুনেছি আমি, আমার হৃদয়

হে রাসুল, নবীজি তোমায়
হে রাসুল, নবীজি তোমায়।

পদ্মা মেঘনা যমুনার তীরে

কথা ও সুর - কাউসার আহমাদ

শিল্পী - আইনুদ্দিন আল আজাদ

পদ্মা মেঘনা যমুনার তীরে;
কত ঢেউ চলে যায় আসে নাতো ফিরে।
তেমনি আমিও হারিয়ে যাবো,
আসবোনা কভু ফিরে।।

কত মায়া স্নেহ প্রীতি কত স্মৃতি গানে,
মুখরিত ছিল এই অঙ্গন।
কালের আবর্তে ছিড়বেনা তো,
আমাদের প্রীতির এ বন্ধন।।
চিনবেনা তো কোনদিন দেখা হলে,
আসা যাওয়া পথের ধারে।

পদ্মা মেঘনা যমুনার তীরে;
কত ঢেউ চলে যায় আসে নাতো ফিরে।
ওই চাঁদ ওই তারা ওই আসমান
সবি রবে আগের মত।
থাকবনা আমি শুধু
ক্ষনিকের মিছে এ জীবন।
তাই কান্নারা বিরহের ঢেউ তুলে যায়,
আমার এ হৃদয় জুড়ে।

পদ্মা মেঘনা যমুনার তীরে
কত ঢেউ চলে যায় আসে নাতো ফিরে
পদ্মা মেঘনা যমুনার তীরে;
কত ঢেউ চলে যায় আসে নাতো ফিরে

মুক্তির সূর্যটা আনবোই

এম শামসুজ্জামান

মুক্তির সূর্যটা আনবোই
জেগেছি এবার মোরা লক্ষ তরুণ সেনা
নতুন এক পৃথিবী গড়বোই।।

প্রলয়ের বান দেখে আমরা তো টলিনি
করিনি তো কভুও চিৎকার
সত্যের পথ জানি তারও চেয়ে সুকঠিন
নির্মম বজ্রের হুংকার
প্রাচির আর প্রতিরোধ রুদ্ধতাকে
ভয় নাই ঝঞ্জা ঘূর্ণিপাকে (আর) (২)
সৈনিক আমরাই লড়বোই।।

শত্রুর কষাঘাতে আমরা তো ভীত নই
নই নীচু রয় চির উঁচু শির
সত্যের পথ জানি উত্তাল বনঝা
সাগরের নেই নেই তীর
নিঃসীম আঁধারের পথ বেয়ে ঈমানের
নূর শিখা চেয়ে চেয়ে (আমরা)
বহু দূর মঞ্জিলে পৌঁছবোই।।

আমরা সবাই বাঙালী

শ্যামল মিত্র

বাংলার হিন্দু, বাংলার বৌদ্ধ,
বাংলার খ্রীষ্টান, বাংলার মুসলমান,
আমরা সবাই বাঙালী ।।

তিতুমীর, ঈসা খাঁ, সিরাজ
সন্তান এই বাংলাদেশের।
স্কুদিরাম, সূর্যসেন, নেতাজী
সন্তান এই বাংলাদেশের।
এই বাংলার কথা বলতে গিয়ে
বিশ্বটাকে কাঁপিয়ে দিল কার সে কণ্ঠস্বর,
মুজিবর, সে যে মুজিবর,
'জয় বাংলা' বল রে ভাই।।

ছয়টি ছেলে বাংলাভাষার চরণে দিল প্রাণ,
তাঁরা বলে গেল ভাষাই ধর্ম,
ভাষাই মোদের মান।
মাইকেল, বিশ্বকবি, নজরুল
সন্তান এই বাংলাদেশের।
কায়কোবাদ, বিবেকানন্দ, অরবিন্দ

আমার এ দেশ সব মানুষের

সুর – খাদেমুল ইসলাম

শিল্পী - রবীন্দ্রনাথ রায়

আমার এ দেশ সব মানুষের, সব মানুষের।।

চাষাদের, মুটেদের, মজুরের।।

গরিবের নিঃস্বের ফকিরের

আমার এ দেশ সব মানুষের, সব মানুষের।।

নেই ভেদাভেদ হেথা চাষা আর চামারে,

নেই ভেদাভেদ হেথা কুলি আর কামারে।।

হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান।।

দেশ মাতা এক সকলের।

লাঙলের সাথে আজ চাকা ঘোরে এক তালে
এক হয়ে মিশে গেছি আমরা সে যে কোন কালে।।

মন্দির, মসজিদ, গীর্জার আবাহনে।।

বাণী শুনি একই সুরের।ঐ

চাষাদের, মুটেদের, মজুরের।।

গরিবের নিঃস্বের ফকিরের

আমার এ দেশ সব মানুষের, সব মানুষের।।

সব মানুষের, সব মানুষের।

প্রতিদিন তোমায় দেখে সূর্য রাগে

কথা - দেবু ভট্টাচার্য
সুর - মোঃ মনিরুজ্জামান

প্রতিদিন তোমায় দেখে সূর্য রাগে
প্রতিদিন তোমার কথা হৃদয়ে জাগে
ও আমার দেশ ও আমার বাংলাদেশ।।

নদীর ধারা আর পাখির গানে
নতুন স্বপ্নের ছবি আনে।
প্রতি প্রানে প্রেরণা শিহর লাগে।।

ফসল শোভায় আলোর তৃষা
নতুন ছন্দের দিল দিশা।
প্রতি মনের চেতনার জোয়ার জাগে।। ঐ

যে মাটির বুকে ঘুমিয়ে আছে

কথা - নাছিমা খান
সুর - সেলিম আশরাফ

যে মাটির বুকে ঘুমিয়ে আছে
যে মাটির বুকে ঘুমিয়ে আছে
লক্ষ মুক্তি সেনা
দে না তোরা দে না
সে মাটি আমার
অঙ্গে মাখিয়ে দে না।

রোজ এখানে সূর্য ওঠে
আশার আলো নিয়ে
হৃদয় আমার ধন্য যে হয়
আলোর পরশ পেয়ে।
সে মাটি ছেড়ে অন্য কোথাও
যেতে বলিস না। ঐ

রক্তে যাদের জেগেছিল
স্বাধীনতার নেশা
জীবন দিয়ে রেখে গেছে
মুক্ত পথের দিশা
সে পথ ছেড়ে ভিন্ন পথে
যেতে বলিস না। ঐ

তীরহারা এই ঢেউয়ের সাগর

কথা, সুর ও শিল্পী - আপেল মাহমুদ

তীরহারা এই ঢেউয়ের সাগর, পাড়ি দিব রে
আমরা ক'জন নবীন মাঝি হাল ধরেছি রে।।

জীবন কাটে যুদ্ধ করে
প্রাণের মায়া সাজ করে
জীবনের স্বাদ নাহি পাই
ঘর-বাড়ির ঠিকানা নাই
দিন-রাত্রি জানা নাই
চলার ঠিকানা সঠিক নাই
জানি শুধু চলতে হবে
এ তরী বাইতে হবে
আমি যে সাগর মাঝি রে।

জীবনের রঙে মনকে টানে না
ফুলের ঐ গন্ধ কেমন জানি না
জ্যোৎস্নার দৃশ্য চোখে পড়ে না
তারাও তো ভুলে কভু ডাকে না
জীবনের রঙে মনকে টানে না।

বৈশাখের ওই রক্ত ঝড়ে
আকাশ যখন ভেঙে পড়ে
ছেঁড়া পাল আরও ছিঁড়ে যায়

হাতছানি দেয় বিদ্যুৎ আমায়
হঠাৎ কে যে শঙ্খ শোনায়
দেখি ঐ ভোরের পাখি গায়

তবু তরী বাইতে হবে
খেয়া পারে নিতে হবে
যতই বাড় উঠুক সাগরে।

একদিন মাটির ভিতরে

কথা ও সুর - বাসুদেব দাস বাউল

একদিন মাটির ভিতরে
হবে ঘর রে মন আমার
কেন বান্ধ দালান ঘর।।

প্রান পাখি উড়ে যাবে
পিঞ্জরও ছেড়ে
ধরা ধামে সবি রবে
তুমি যাবে চলে
বন্ধু বান্ধব যত
মাতা পিতা তারা সুত
সকলি হবে পর
রে মন আমার
কেন বান্ধ দালান ঘর।ঐ

দেহ তোমর চর্মচর
গলে পচে যাবে
শিরার ওপর শিরা গুলি
ছিন্ন ভিন্ন হবে
মন্ডু মেরদন্ড
সবি হবে খন্ড খন্ড
পরে রবে মাটিরো ওপর

রে মন আমার
কেন বান্ধদালান ঘর।

রূপেরি গৌরবে
সাজিয়াছ সাজ
সোন দানা কতো কি আর
রাজকিয় পোশাক
যেদিন প্রান চলে যাবে
সবি পড়ে রবে
গায়ে দিবে মার কিনুখন
রে মন আমার
কেন বান্ধ দালান ঘর।

পরের জায়গা পরের জমিন

কথা ও সুর - আব্দুল আলিম

পরের জায়গা পরের জমিন
ঘর বানাইয়া আমি রই
আমি তো এই ঘরের মালিক নই।।

সেই ঘরখানা যার জমিদারি
আমি পাইনা তাহার হুকুমদারী
আমি পাইনা জমিদারের দেখা।।
মনের দুঃখ কারে কই।।

জমিদারের ইচ্ছামত দেই না জমি চাষ
তাইতো ফসল ফলে না রে
দুঃখ বারো মাস।।
আমি খাজনাপাতি সবই দিলাম
তবু জমিন আমার হয় যে নীলাম।।
আমি চলি যে তার মন জোগাইয়া
দাখিলায় মেলে না সই।।

পরের জায়গা পরের জমিন
ঘর বানাইয়া আমি রই
আমি তো এই ঘরের মালিক নই।।